- গুরুত্বহীন (Trivial) বিষয় জানার জন্য প্রশ্ন করা যাবে না।
- একটি প্রশ্নপত্রের শুরুতে যেন কঠিন প্রশ্ন না থাকে। একাধিক প্রশ্নপত্র সেট তৈরির ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন প্রশ্নপত্রে প্রশ্নের কাঠিন্যের বিন্যাসে ও অন্যান্য ক্ষেত্রে বিভিন্ন সেটের মধ্যে ভারসাম্য নিশ্চিত হয়।
- সমাজে বা জনগোষ্ঠীর কোন অংশে বিরূপ এবং নেতিবাচক ধারণা সৃষ্টি হতে পারে এমন কোনো প্রশ্ন প্রণয়ন থেকে অবশ্যই বিরত থাকতে হবে।

- পরিশোধকগণ নিশ্চিত করবেন যেন প্রশ্নপত্রের ৭০% জ্ঞান ও অনুধাবন স্তর এবং ৩০% প্রয়োগ ও উচ্চতর দক্ষতা স্তর যাচাই করার উপযোগী হয়।
- ভাষার সঠিকতা, বিশেষ করে দ্ব্যর্থকতা/অস্পষ্টতা, বানান, যতিচিহ্নের ব্যবহার, পুনরাবৃত্তি ও উপযুক্ত শব্দের ব্যবহার - এসব বিষয় পরীক্ষা করে দেখা;
- ডায়াগ্রাম, চার্ট, গ্রাফ, সারণি সঠিকভাবে অঙ্কন করা হয়েছে কিনা এবং এগুলোর আলোকে তৈরি প্রশ্নের সাথে সঙ্গতিপূর্ণ কিনা তা পরীক্ষা করা;
- প্রশ্নপত্রের সার্বিক ভারসাম্য উপযুক্ত ও সঠিকভাবে বিন্যস্ত কি না, অন্যান্য প্রশ্নের সাথে প্রাবরণ (Overlap) করেছে কি না অথবা বহুনির্বাচনি প্রশ্ন, সৃজনশীল প্রশ্ন ও সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের মধ্যে প্রাবরণ (Overlap) হচ্ছে কি না তা পরীক্ষা করে দেখা।

**সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো**

একটি সৃজনশীল প্রশ্নের শুরুতে একটি নতুন পরিস্থিতিযুক্ত উদ্দীপক এবং উদ্দীপক সংশ্লিষ্ট তিনটি প্রশ্ন থাকে। প্রশ্ন তিনটি কাঠিন্যের ক্রমানুসারে সাজানো থাকে-সহজ, মধ্যম, ও কঠিন। চিন্তার গভীরতা/বহুমাত্রিকতা, Time এবং Stepping এর উপর নির্ভর করে এই কাঠিন্যের স্তর নির্ধারণ করা হয়। একটি সৃজনশীল প্রশ্নের মাধ্যমে কাঠিন্যের বিভিন্ন স্তর যাচাই করা যায়। প্রতিটি সৃজনশীল প্রশ্ন তৈরী করার ক্ষেত্রে অবশ্যই শিখনফল বিবেচনায় আনতে হবে। প্রতিটি সৃজনশীল প্রশ্নের জন্য ১০ নম্বর বরাদ্দ থাকবে।

সৃজনশীল প্রশ্নের প্রথম অংশটি সহজ স্তরের। এই অংশের উত্তর দিতে গেলে একজন শিক্ষার্থীকে খুব বেশি চিন্তা করতে হবে না অর্থাৎ চিন্তার গভীরতা কম হবে। একজন শিক্ষার্থী যেন ১-৩ মি. ব্যয় করে তার উত্তর সমাপ্ত করতে পারে সেদিকে লক্ষ রেখে এই স্তরের প্রশ্নটি প্রণয়ন করতে হবে। এই অংশের প্রশ্নের উত্তর দিতে গেলে উদ্দীপকের উপর নির্ভরশীলতা থাকা বাঞ্ছনীয়। তবে গণিতের ক্ষেত্রে তত্ত্ব, তথ্য, সূত্র, নিয়ম-নীতি ইত্যাদি জানতে চাওয়া হলে এই অংশের প্রশ্নের উত্তর দেয়ার ক্ষেত্রে উদ্দীপকের উপর সরাসরি নির্ভরশীলতা নাও থাকতে পারে। তবে পরোক্ষ নির্ভরশীলতা অবশ্যই থাকতে হবে। অর্থাৎ যে অধ্যায় বা অধ্যায়সমূহ থেকে উদ্দীপকটি তৈরি করা হচ্ছে সেই অধ্যায় বা অধ্যায়সমূহের সাথে সংশ্লিষ্টতা থাকতে হবে। এই অংশের জন্য ২ নম্বর বরাদ্দ থাকবে। এই অংশের প্রশ্নের উত্তরের ক্ষেত্রে ন্যূনতম দুটি ধাপ থাকতে হবে।

সৃজনশীল প্রশ্নের দ্বিতীয় অংশের কাঠিন্যের স্তর হল মধ্যম মানের। এই অংশের প্রশ্নের উত্তরের ক্ষেত্রে একজন শিক্ষার্থীর চিন্তার গভীরতা/বহুমাত্রিকতা প্রথম অংশের চেয়ে বেশি হতে হবে। প্রশ্ন প্রণয়নের সময় বিবেচনা করতে হবে যেন শিক্ষার্থীর উত্তরের মধ্যে পাঠ্যপুস্তকের এক বা একাধিক তত্ত্ব, তথ্য, ধারণা, নিয়ম-নীতি, সূত্র ইত্যাদি প্রয়োগের সুযোগ থাকে । দ্বিতীয় অংশের প্রশ্নের উত্তর দিতে গেলে শিক্ষার্থীকে উদ্দীপকের উপর নির্ভরশীল হতে হবে। অর্থাৎ উদ্দীপকের সাহায্য ছাড়া এই অংশের প্রশ্নের উত্তর দেয়া যাবে না। এই অংশের প্রশ্নের উত্তর দেওয়ার ক্ষেত্রে ন্যূনতম ৪টি ধাপ থাকা বাঞ্ছনীয়। এই অংশের জন্য ৪ নম্বর বরাদ্দ থাকবে। শিক্ষার্থী যেন ৬-৮মিনিটের মধ্যে এই অংশের উত্তর দিতে সক্ষম হয় তা বিবেচনা করে প্রশ্নটি প্রণয়ন করতে হবে।

সৃজনশীল প্রশ্নের তৃতীয় অংশটি হচ্ছে তুলনামূলক কঠিন স্তরের এবং এই অংশও সরাসরি উদ্দীপক নির্ভর। এই অংশের প্রশ্নের উত্তরের ক্ষেত্রে একজন শিক্ষার্থীর চিন্তার গভীরতা/বহুমাত্রিকতা দ্বিতীয় অংশের চেয়ে বেশি হতে হবে। অর্থাৎ একাধিক তত্ত্ব, তথ্য, সূত্র, নিয়ম-নীতি, ধারণা ইত্যাদি প্রয়োগের সুযোগ এই অংশের প্রশ্নের উত্তরের ক্ষেত্রে মধ্যম স্তরের চেয়ে বেশি থাকতে হবে যেন প্রশ্নটির উত্তর দিতে গেলে একাধিক বিষয়বস্তুর (Across the topics) আলোকে শিক্ষার্থীর চিন্তা করার সুযোগ থাকে। প্রশ্নটির উত্তরের ক্ষেত্রে একজন শিক্ষার্থীর বিচার বিশ্লেষণ করার সুযোগ আছে কিনা তা বিবেচনা করে প্রশ্নটি প্রণয়ন করতে হবে এবং প্রশ্নটির উত্তরে যেন ন্যূনতম ৪টি ধাপ থাকে তা লক্ষ্য রাখতে হবে। এই অংশের প্রশ্নের উত্তর যেন একজন শিক্ষার্থী ৯-১১ মিনিট সময়ের মধ্যে দিতে সক্ষম হয়, তা বিবেচনা করতে হবে এবং এই অংশের জন্য নম্বর বরাদ্দ হচ্ছে ৪। [**পরিশিষ্ট 'ট' : সৃজনশীল প্রশ্নের নমুনা**]

পরীক্ষা অধিক অর্থবহ এবং শিক্ষাক্রমের উদ্দেশ্যের সাথে সংগতি রাখার ক্ষেত্রে সৃজনশীল প্রশ্নে উদ্দীপক বা নতুন পরিস্থিতি অপরিহার্য। একটি সৃজনশীল প্রশ্নের ক, খ, গ অংশ উদ্দীপকের বিষয়বস্তুর আলোকে প্রণয়ন করতে হবে। উদ্দীপক না পড়ে বা না দেখেও প্রশ্নের 'ক' অংশের উত্তর দেওয়া সম্ভব হতে পারে। তবে উদ্দীপকের সাথে প্রশ্নের 'ক' অংশের একটি পরোক্ষ যোগসূত্র থাকতে হবে। যে বিষয় বা বিষয়সমূহের উপর ভিত্তি করে উদ্দীপক তৈরি করা হয় সে বিষয় বা বিষয়সমূহের আলোকেই 'ক' প্রশ্ন করা হয়। কিন্তু 'খ' ও 'গ' অংশের উত্তর উদ্দীপক বিবেচনায় না এনে করা সম্ভব হবে না। উল্লেখ্য, একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরে তথ্যের/জ্ঞানের পুনরাবৃত্তি পরিহার করতে হবে।

**প্রশিক্ষণ কার্যক্রম**

**কাজ-১: একসেট বহুনির্বাচনি প্রশ্নপত্র পরিশোধন ও উপস্থাপন (২৭০ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- পূর্বের দিনের প্রশ্নপত্রের খামগুলো বিভিন্ন দলের মধ্যে লটারির মাধ্যমে বণ্টন (নিজ দলের খাম ব্যতীত) করে দিবেন;
- প্রতিটি দলকে প্রাপ্ত প্রশ্নপত্র, নির্দেশক ছক ও সঠিক উত্তরের ছক পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- এক সেট যথার্থ প্রশ্নপত্র তৈরির লক্ষ্যে প্রয়োজন হলে নতুন প্রশ্ন প্রণয়ন করতে বলবেন;
- প্রশ্নপত্র, নির্দেশক ছক ও সঠিক উত্তরের ছকের কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন/পরিবর্তন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্নপত্র প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যেকোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

**কাজ-২: সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো ও প্রশ্ন প্রণয়ন (১০৫ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- নীরব পাঠ ও সমবেত আলোচনার মাধ্যমে সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো সম্পর্কিত ধারণা স্পষ্ট করবেন;
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো অনুযায়ী একটি প্রশ্ন তৈরি করতে বলবেন;
- প্রশিক্ষণার্থীগণকে নতুনভাবে ৫টি দলে বিভক্ত করবেন;
- এককভাবে প্রণীত প্রশ্নগুলো দলে আলোচনা করে ১টি প্রশ্ন চূড়ান্ত করে পোস্টারে লিখতে বলবেন;
- তৈরিকৃত পোস্টারগুলো দেয়ালে/বোর্ডে টাঙিয়ে দিতে বলবেন;
- প্রত্যেক দলকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশিক্ষণার্থীগণের যৌক্তিক মতামতের ভিত্তিতে প্রশ্ন পরিশোধন করতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব পর্যবেক্ষণের আলোকে প্রশ্ন পরিশোধন করে দিবেন।

**তৃতীয় দিবস শেষে বাড়ির কাজ: প্রশিক্ষক প্রত্যেক দলের সদস্যদের মধ্যে সকল অধ্যায় (আর্থিক বিবরণীর অধ্যায় ব্যতীত) বন্টন করে দিবেন। প্রত্যেক প্রশিক্ষণার্থী তার জন্য বরাদ্দকৃত অধ্যায়/অধ্যায়সমূহ থেকে ২টি সৃজনশীল প্রশ্ন প্রণয়ন করবেন। উল্লেখ্য যে, প্রত্যেক দলকে পরবর্তী দিন সকল অধ্যায়ের সমন্বয়ে এক সেট প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে**

# চতুর্থ দিবসঃ অধিবেশন ১, ২, ৩ ও ৪

## (০৯:০০-০৫:০০)

| | | |
|---|---|---|
| **প্রশিক্ষণের বিষয়** | : | **নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স) ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্ন প্রণয়ন** |
| **শিখনফল** | : | এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ-<br>• নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স) ও নমুনা উত্তরের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন;<br>• প্রণীত সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর লিখতে পারবেন;<br>• নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স) ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্ন প্রণয়ন করতে পারবেন; |

**প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল :** সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।
**প্রশিক্ষণ উপকরণ** : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

**তথ্যপত্র**

**নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics)**

একটি উত্তরপত্র যদি দু'জন ভিন্ন ভিন্ন পরীক্ষক দ্বারা মূল্যায়ন করা হয় তবে সেই দু'জন পরীক্ষকের প্রদত্ত নম্বরের মাঝে পার্থক্য হওয়ার সম্ভাবনা রয়েছে। কেননা উত্তরপত্র মূল্যায়নের সময় পরীক্ষকের মানসিক গড়ন (বিশ্বাস, মূল্যবোধ, মেজাজ-মর্জি), শারীরিক অবস্থা (সুস্থতা, ক্লান্তি, অবসাদ) এবং পারিপার্শ্বিক পরিবেশ ইত্যাদি প্রভাব বিস্তার করে। এমনকি একজন পরীক্ষক যদি একই উত্তরপত্র ভিন্ন ভিন্ন সময়ে মূল্যায়ন করেন তাহলে সকালে যে নম্বর তিনি দিবেন বিকেলে হয়তো সেই নম্বর নাও দিতে পারেন। নম্বর প্রদানের এই তারতম্য কমিয়ে আনার জন্য নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics) ব্যবহৃত হয়। Rubrics একটি দাঁড়িপাল্লা (পরিমাপক) স্বরূপ যার মাধ্যমে একজন শিক্ষার্থীর শিখন কতটুকু হয়েছে তা যাচাই করা হয়। Rubrics সাধারণত দু' রকমের- বিশ্লেষণধর্মী (Analytical) এবং সার্বিক (Holistic)।

**সার্বিক (Holistic):** একজন পরীক্ষার্থীর একটি সুনির্দিষ্ট বিষয়বস্তুর উপর লিখিত একটি রচনা বা মৌখিক উপস্থাপনা মূল্যায়নের সময় যদি বিভিন্ন বৈশিষ্ট্য (যেমন : বাক্যগঠন, শব্দচয়ন, উপস্থাপনা) পৃথকভাবে বিবেচনায় না নিয়ে সব বৈশিষ্ট্যগুলো সম্পর্কে একটি সামগ্রিক ধারণার ভিত্তিতে পরীক্ষার্থীর কাজের (Performance) মূল্যায়ন করা হয় তবে তাই হচ্ছে সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা (Holistic Rubrics)। যেমন ১০ নম্বরের একটি রচনায় কখনো একজন পরীক্ষার্থী হয়তো ৮ নম্বর পেয়েছেন। এক্ষেত্রে পরীক্ষক পরীক্ষার্থীর প্রশ্নের উত্তরের থেকে একটি সামগ্রিক ধারণা লাভ করে নম্বর প্রদান করেছেন অর্থাৎ সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা ব্যবহার করেছেন। সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা একজন শিক্ষার্থীর প্রশ্ন সংশ্লিষ্ট বিষয়বস্তুর (content) উপর দখল অথবা নৈপুণ্য/কুশলতা (skill/proficiency) অথবা বোঝার ক্ষমতাকে বিবেচনায় নেয়া হয়। সাধারণত সামষ্টিক মূল্যায়নের (Summative Assessment) সময় Holistic Rubrics ব্যবহৃত হয়।

**বিশ্লেষণধর্মী (Analytical):** একজন পরীক্ষার্থীর একটি সুনির্দিষ্ট বিষয়বস্তুর উপর লিখিত একটি রচনা বা মৌখিক উপস্থাপনা মূল্যায়নের সময় যদি বিভিন্ন বৈশিষ্ট্য (যেমন : বাক্যগঠন, শব্দচয়ন, উপস্থাপনা) পৃথকভাবে বিবেচনায় নিয়ে পরীক্ষার্থীর কাজের (Performance) মূল্যায়ন করা হয় তবে তা হচ্ছে বিশ্লেষণধর্মী নম্বর প্রদান নির্দেশিকা (Analytical Rubrics)। এক্ষেত্রে প্রশ্ন সংশ্লিষ্ট শিখনফল মূল্যায়নের জন্য প্রথমে কয়েকটি বৈশিষ্ট্য নির্ধারণ করা হয় এবং প্রতিটি বৈশিষ্ট্যের কাঠিন্যের ধারাবাহিকতার (degree of difficulty level) আলোকে নম্বর/পয়েন্ট বরাদ্দ করা হয়ে থাকে। পরীক্ষার্থীর কাজকে (Performance) প্রতিটি বৈশিষ্ট্যের আলোকে মূল্যায়ন করা হয়। এতে করে বিভিন্ন বৈশিষ্ট্যের ক্ষেত্রে পরীক্ষার্থী/শিক্ষার্থীর দুর্বলতা চিহ্নিত করে সেই আলোকে তাকে সুনির্দিষ্ট ফিডব্যাক (feedback) দেয়া যায়। যেমন একজন শিক্ষার্থীর লিখিত রচনায় দেখা গেল যে বাক্যগঠনে দুর্বলতা রয়েছে। তাহলে শিক্ষক বুঝবেন যে শিক্ষার্থীকে বাক্যগঠনের উপর ফিডব্যাক দিতে হবে। Analytical Rubrics সাধারণত গঠনমূলক মূল্যায়নে (Formative Assessment) এ ব্যবহৃত

হয়। এতে করে শিক্ষার্থীও জানতে পারে কোন কোন বৈশিষ্ট্যের আলোকে তাকে মূল্যায়ন করা হবে এবং সে অনুযায়ী শিক্ষার্থী নিজেকে প্রস্তুত করতে পারে।

শিখনফল Rubrics তৈরির মূল বিবেচ্য বিষয়। যে বৈশিষ্ট্য (Criteria) এর আলোকে শিখনফল অর্জিত হবে সেই বৈশিষ্ট্যসমূহের ব্যাখ্যা (Discriptor) সুস্পষ্ট হতে হবে। একজন শিক্ষার্থী কী লিখলে সর্বোচ্চ নম্বর পাবেন তা Rubrics লেখার সময় প্রথমেই লিখতে হবে। ক্রমান্বয়ে নিচের স্তরের বৈশিষ্ট্যগুলোর ব্যাখ্যা লিখতে হবে।

**শিখনফল:** শিক্ষার্থী শুদ্ধরূপে বিনা বেতনে অধ্যয়নের জন্য একটি দরখাস্ত লিখতে পারবে।

একটি শুদ্ধ দরখাস্তের বৈশিষ্ট্য কী কী হতে পারে তা Rubrics তৈরির সময় বিবেচনা করতে হবে। অর্থাৎ যে বৈশিষ্ট্যের আলোকে দরখাস্ত মূল্যায়ন করা হবে তা Rubrics এর অন্তর্ভুক্ত হতে হবে। এই বৈশিষ্ট্যগুলো প্রকৃতপক্ষে শিখনফলের অংশবিশেষ।

একটি আনুষ্ঠানিক দরখাস্ত মূল্যায়নের সময় সাধারণত নিচের বৈশিষ্ট্যগুলো বিবেচনা করা হয় :

- সঠিক গঠন (corrcet formate)
- শুদ্ধ বানান এবং যতিচিহ্ন (correct spelling and punctuation)
- আনুষ্ঠানিক ভাষা (formal language)
- শুদ্ধ ব্যাকরণের ব্যবহার এবং শব্দ চয়ন (accurate grammar and vocabulary)

আনুষ্ঠানিক দরখাস্তের উপরোক্ত বৈশিষ্ট্য/দিক বিবেচনা করে বিশ্লেষণধর্মী বা সার্বিক মূল্যায়নের রূপকল্প (Analytical/Holistic Rubrics) তৈরি করা যায়।

**সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা (Holistic Rubrics)**

| Score | বর্ণনা (Descriptor) |
|---|---|
| ৩ | গঠন ঠিক আছে, বানান, যতিচিহ্ন, ব্যাকরণ এবং শব্দচয়ন শুদ্ধভাবে ব্যবহৃত হয়েছে; আনুষ্ঠানিক ভাষা (formal language) ব্যবহৃত হয়েছে। |
| ২ | গঠন সাধারণভাবে ঠিকই আছে; বানান, যতিচিহ্ন, ব্যাকরণ এবং শব্দচয়ন অধিকাংশ ক্ষেত্রেই শুদ্ধ আছে; অল্প - কিছু জায়গা ছাড়া আনুষ্ঠানিক ভাষাই ব্যবহৃত হয়েছে। |
| ১ | ভাষা গঠনে ভুল রয়েছে; বানান, যতিচিহ্ন, ব্যাকরণ, শব্দচয়ন অধিকাংশ ক্ষেত্রে ঠিক নেই। সাধু ও চলিত ভাষার বহুল মিশ্রণ এবং অনানুষ্ঠানিক ভাষার (informal language) ব্যবহার হয়েছে। |
| ০ | বানান, যতিচিহ্ন, ব্যাকরণ, শব্দচয়ন, ভাষা গ্রহণযোগ্য নয়/ উত্তর দেয়নি। |

**বিশ্লেষণধর্মী নম্বর প্রদান নির্দেশিকা (Analytical Rubrics)**

| নম্বর স্কোর | গঠন (format) | বানান এবং যতিচিহ্নের ব্যবহার | ভাষা | শব্দচয়ন এবং ব্যাকরণ |
|---|---|---|---|---|
| ৩ | সঠিক গঠন | বানান এবং যতিচিহ্নের সঠিক ব্যবহার হয়েছে | আনুষ্ঠানিক ভাষা ব্যবহার করা হয়েছে | শুদ্ধ শব্দচয়ন এবং ব্যাকরণ অনুসরণ করা হয়েছে |
| ২ | গঠনে কিছুটা ভুল রয়েছে | বানান এবং যতিচিহ্ন অধিকাংশই সঠিক | অধিকাংশ ক্ষেত্রেই আনুষ্ঠানিক ভাষা ব্যবহার করা হয়েছে। | অধিকাংশ ক্ষেত্রেই সঠিক শব্দচয়ন ও ব্যাকরণ অনুসরণ করা হয়েছে। |
| ১ | গঠনে খুব বেশি ভুল হয়েছে | বানান এর ব্যবহার মোটামুটিভাবে ঠিক/শুদ্ধ আছে | ভাষা ব্যবহারে মোটামুটিভাবে আনুষ্ঠানিক | শব্দচয়ন এবং ব্যাকরণ মোটামুটিভাবে ঠিক আছে |
| ০ | সঠিক গঠন নেই/কোনো উত্তর দেয়নি | বানান এবং যতিচিহ্নের ব্যবহারে ভুল রয়েছে। উত্তর দেয়নি। | আনুষ্ঠানিক ভাষার ব্যবহার নেই; উত্তর দেয়নি | শব্দচয়ন ও ব্যাকরণের ব্যবহারে ভুলের মাত্রা ব্যাপক, উত্তর দেয়নি |

উপরের নম্বর প্রদান নির্দেশিকায় এটি স্পষ্টতর প্রতীয়মান যে শিখনফলের চাহিদার আলোকে নম্বর প্রদান নির্দেশিকা (সার্বিক বা বিশ্লেষণধর্মী) তৈরি করতে হচ্ছে। সে সকল বিষয়ের বানান, শব্দচয়ন, বাক্য গঠন ইত্যাদির ওপর চাহিদা থাকে। সেই সকল বিষয়ের নম্বর প্রদান নির্দেশিকায় তার প্রতিফলন থাকতে হবে। যে সকল বিষয়ে বানান, শব্দচয়ন বা বাক্যগঠনের চেয়ে

বিষয়বস্তুর ওপর জোর দেওয়া হয় সে সকল বিষয়ের নম্বর প্রদান নির্দেশিকা তৈরির সময় বিষয়বস্তুর চিন্তার গভীরতার আলোকে নম্বর প্রদান নির্দেশিকা তৈরি করতে হয়।

সৃজনশীল প্রশ্নের উত্তরের জন্য সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা ব্যবহার করা হয়ে থাকে। সৃজনশীল প্রশ্নপত্রে নম্বর প্রদান নির্দেশিকায় শিখনফলগুলো দক্ষতা স্তরের সাথে সম্পর্কিত। সুতরাং সংশ্লিষ্ট দক্ষতা স্তরের বিপরীতে বিষয়বস্তুর আলোকে শিক্ষার্থীর দক্ষতা চাওয়া হচ্ছে তার পরিপূর্ণ বর্ণনা নম্বর প্রদান নির্দেশিকায় লিখতে হবে।

## সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

সৃজনশীল প্রশ্ন প্রণয়নের সময়ে প্রশ্ন প্রণয়নকারীকে সম্ভাব্য নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর (Marking Guideline and Model Answer) তৈরি করতে হবে। **[পরিশিষ্ট 'ঠ' : সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর]**

পরীক্ষার্থীর উত্তর প্রত্যাশিত দক্ষতা স্তরের না হয়ে নিম্নতর দক্ষতা স্তরের হতে পারে সে কারণেই নম্বর প্রদান নির্দেশিকায় আংশিক নম্বর পাওয়ার উপযোগী উত্তর উল্লেখ করা হয়। সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে ধাপ অনুযায়ী নম্বর পাওয়ার সুযোগ রয়েছে। পরীক্ষার্থী 'ক' অংশের প্রশ্নে ২ অথবা ১ নম্বর পেতে পারে। 'খ' এবং 'গ' অংশে ৪ অথবা ৩ অথবা ২ অথবা ১ নম্বর পেতে পারে। ভগ্নাংশ নম্বর দেবার কোন সুযোগ নেই। কোন উত্তর না দিলে অথবা দেওয়া উত্তর নূন্যতম গ্রহণযোগ্য স্তরে না থাকলে শূন্য (০) পাবে।

সৃজনশীল প্রশ্নের নমুনা উত্তর প্রস্তুতকরণ প্রশ্ন প্রণয়নকারীকে ত্রুটিমুক্ত প্রশ্ন তৈরিতে সাহায্য করতে পারে। আবার এ নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর পরীক্ষককে নির্ভুল ও নির্ভরযোগ্য নম্বর প্রদানেও নির্দেশনা দেয়। একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি পাওয়া গেলে বুঝা যাবে যে, প্রশ্নটি ত্রুটিমুক্ত নয়। এভাবে প্রশ্নের নমুনা উত্তর লেখা প্রশ্ন প্রণয়নকারীকে প্রশ্ন পরিমার্জনে নির্দেশনা দিয়ে থাকে।

## উত্তর প্রদানে পরীক্ষার্থীদের স্বাধীনতা ও পরীক্ষকগণের নম্বর প্রদান

প্রশ্নপ্রণয়নকারীর তৈরি নমুনা উত্তর এবং পরীক্ষার্থীর লেখা উত্তর হুবহু একই হবে এমনটা আশা করা যায় না। উত্তর লেখার ক্ষেত্রে পরীক্ষার্থীর শব্দ চয়ন, বাক্যগঠন, বাক্যবিন্যাস এবং উপস্থাপনা কৌশল স্বাভাবিকভাবেই ভিন্নতর হবে। প্রশ্নপ্রণয়নকারীর লেখা নমুনা উত্তরের কোনো বিকল্প সঠিক উত্তরও থাকতে পারে। প্রশ্নপ্রণয়নকারী হয়ত তা চিন্তা করতে পারেন নি কিন্তু পরীক্ষার্থীরা চিন্তা করতে পেরেছে। তাই পরীক্ষার্থীর উত্তর থেকে পরীক্ষককে সিদ্ধান্ত নিতে হবে পরীক্ষার্থীর উত্তর কতটুকু সঠিক এবং সে দক্ষতার কোন স্তরে অবস্থান করছে। পরীক্ষার্থীদের উত্তরপত্র থেকে ধারণা নিয়ে নমুনা উত্তরে সংযোজন, বিয়োজন হতে পারে আবার সরবরাহকৃত নমুনা উত্তরের পাশাপাশি নতুন কোনো উত্তর নমুনা উত্তর হিসাবে আবির্ভূত হতে পারে।

হিসাববিজ্ঞান, গণিত ও উচ্চতর গণিতের ক্ষেত্রে প্রশ্নের উত্তর লেখার সময় একজন পরীক্ষার্থী সঠিক যে কোন পদ্ধতিতে উত্তর লিখতে পারে। অর্থাৎ নমুনা উত্তরের ব্যবহৃত সূত্র বা নিয়মের পরিবর্তে শিক্ষার্থী অন্য কোন সঠিক সূত্র বা নিয়ম ব্যবহার করে প্রশ্নের উত্তর লিখতে পারে যা পরীক্ষক হিসেবে আপনাকে বিবেচনায় আনতে হবে। পরীক্ষার্থী বিভিন্ন ধাপ বিস্তারিতভাবে বর্ণনা করে প্রশ্নের পরিপূর্ণ উত্তর লিখতে পারে। কিংবা সঠিক পদ্ধতি অনুসরণ করে সংক্ষেপিত ধাপেও শিক্ষার্থী প্রশ্নের পরিপূর্ণ উত্তর লিখতে পারে। উপস্থাপনা কৌশল যাই হোক না কেন এক্ষেত্রে পরীক্ষার্থীর লেখা সার্বিক উত্তর থেকে পরীক্ষক পরীক্ষার্থীর চিন্তার গভীরতা নির্ণয় করে পূর্ণ নম্বর প্রদান করবেন। আংশিক নম্বর প্রদানের সময় (৪-এর মধ্যে ৩/২/১) শিক্ষার্থী যে ধাপে অবস্থান করবে সেই ধাপ পর্যন্ত প্রক্রিয়াগতভাবে সঠিক আছে কিনা তা বিবেচনায় নিয়ে নম্বর প্রদান করতে হবে। কোন ভগ্নাংশ নম্বর অর্থাৎ ১/২ নম্বর প্রদান করা যাবে না।

পরীক্ষার্থীরা ইচ্ছা অনুযায়ী একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর আগে বা পরে লিখতে পারবে। আবার তারা কোনো একটি সৃজনশীল প্রশ্নের কোনো অংশ লিখে আর একটি প্রশ্নের কোনো অংশ লিখতে পারে। যেমন- কোনো একটি প্রশ্নের (ক) অংশের উত্তর লিখে অন্য কোনো প্রশ্নের উত্তর দিতে পারে এবং পরে পূর্বের প্রশ্নটির (খ) অংশের উত্তর দিতে পারে। এ ধরনের ক্ষেত্রে শিক্ষার্থীকে সতর্কতার সাথে প্রশ্নের ক্রমিক নম্বর এবং অংশ শনাক্তকরণ বর্ণটি (ক, খ, গ) সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

**নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তরের প্রয়োজনীয়তা**

সৃজনশীল প্রশ্ন তৈরির সময়ে কিছু ত্রুটি দৃষ্টিগোচর নাও হতে পারে। সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর তৈরি করার সময়ে প্রশ্নের সবলতা ও দুর্বলতা (ত্রুটি-বিচ্যুতি) দৃশ্যমান হয়। যেমন, একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি পাওয়া গেলে বুঝা যাবে যে, প্রশ্নটি ত্রুটিমুক্ত নয়। অর্থাৎ নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর তৈরির মাধ্যমে সংশ্লিষ্ট প্রশ্নপ্রণয়নকারী এবং পরিমার্জনকারীগণ প্রশ্নের ভুলত্রুটি চিহ্নিত ও সংশোধনের সুযোগ পান। এছাড়াও পরীক্ষক উত্তরপত্র মূল্যায়নের একটি নির্দেশনা পান; এর ফলে নম্বর প্রদানে অনাকাঙ্ক্ষিত প্রভাব হ্রাস পায়। বস্তুত সৃজনশীল প্রশ্ন প্রণয়নের সময়ই প্রশ্ন প্রণয়নকারীকে সম্ভাব্য নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর তৈরি করতে হবে।

**উল্লেখ্য, নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর শুধু পরীক্ষক/শিক্ষকবৃন্দের ব্যবহারের জন্য। এটি শিক্ষার্থী/ পরীক্ষার্থীদের অনুসরণ/ব্যবহারের জন্য নয়।**

**প্রশিক্ষণ কার্যক্রম**

**কাজ-১: নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স)ও নমুনা উত্তরসহ একটি সৃজনশীল প্রশ্ন প্রণয়ন, পরিশোধন ও উপস্থাপন (২১০ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক -**

- নম্বর প্রদান নির্দেশিকার (রুব্রিক্স) ও নমুনা উত্তরের ধারণা ও গুরুত্ব সম্পর্কিত তথ্যপত্রের সংশ্লিষ্ট অংশটুকু নীরবে পাঠ করতে বলবেন;
- নীরব পাঠ শেষে প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করবেন;
- প্রয়োজনে তথ্যপত্রের সহায়তা নিবেন;
- প্রত্যেককে বাড়ির কাজে প্রণীত ২টি প্রশ্নের যে কোনো ১টির রুব্রিক্স ও নমুনা উত্তর লিখতে বলবেন;
- প্রশিক্ষণার্থীগণকে দলে বসে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নটি নিয়ে আলোচনা করতে বলবেন;
- দলগত ঐকমত্যের ভিত্তিতে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ ১টি সৃজনশীল প্রশ্ন চূড়ান্ত করে পোষ্টার/ মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপিত কাজের উপর অন্য প্রশিক্ষণার্থীগণকে মতামত দিতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব মতামতের মাধ্যমে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নটি সংশোধন করে দিবেন।

**কাজ-২: একসেট সৃজনশীল প্রশ্ন চুড়ান্তকরণ (১৬৫ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- পূর্বের কাজের অভিজ্ঞতার ভিত্তিতে প্রত্যেককে বাড়ির কাজে প্রণীত অবশিষ্ট প্রশ্নটির রুব্রিক্স ও নমুনা উত্তর লিখতে বলবেন;
- দলে বসে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ দলের সবগুলো সৃজনশীল প্রশ্ন আলোচনা করে পূর্বের অভিজ্ঞতার ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন করতে বলবেন;
- দলগত ঐকমত্যের ভিত্তিতে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ ১ সেট সৃজনশীল প্রশ্ন চূড়ান্ত করে খামে ভরে জমা দিতে বলবেন। (প্রতিটি খামের ওপর সংশ্লিষ্ট দলের নাম লিখতে হবে)

# পঞ্চম দিবস: অধিবেশন ১, ২, ৩ ও ৪

**(০৯:০০-০৫:০০)**

| | | |
|---|---|---|
| **প্রশিক্ষণের বিষয়** | : | **নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন** |
| **শিখনফল** | : | এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ-<br>● নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তরসহ এক সেট সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন করতে পারবেন। |

**প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:** সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।
**প্রশিক্ষণ উপকরণ** : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

**তথ্যপত্র**

সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন একটি সময় সাপেক্ষ এবং শ্রমসাধ্য কাজ। একটি মানসম্মত সৃজনশীল প্রশ্ন পত্রের জন্য সৃজনশীল প্রশ্ন প্রণয়ন যথাযথ উপায়ে করতে হবে। শিক্ষার্থীদের সৃজনশীল পরীক্ষা পদ্ধতির সাথে অভ্যস্ত করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের শিখন- শেখানো প্রক্রিয়া এবং অভ্যন্তরীণ পরীক্ষায় বহুনির্বাচনি প্রশ্ন ও সৃজনশীল প্রশ্ন ব্যবহার করতে হবে।

**সৃজনশীল প্রশ্ন প্রণয়ন ও পরিশোধনে নিচের নির্দেশনাসমূহ অনুসরণে সচেষ্ট হতে হবে-**

- যে বিষয়বস্তুকে নিয়ে প্রশ্ন করবেন তা শিক্ষাক্রমের অন্তর্ভুক্ত হতে হবে।
- গুরুত্বহীন (Trivial) বিষয় জানার জন্য প্রশ্ন করা যাবে না।
- প্রশ্নের শুরুতে একটি মৌলিক, আকর্ষণীয় ও সংক্ষিপ্ত উদ্দীপক তৈরি করতে হবে। উদ্দীপক পাঠ্যপুস্তক থেকে সরাসরি নেওয়া যাবে না। তবে উদ্দীপক অবশ্যই শিক্ষাক্রম/সিলেবাস/পাঠ্যপুস্তকের কোনো বিষয়বস্তুর আলোকে প্রণীত হতে হবে।
- উদ্দীপকে বর্ণিত বিষয়স্তুর আলোকেই চারটি প্রশ্ন (ক, খ, গ এবং ঘ অংশ) তৈরি করতে হবে।
- উদ্দীপকে কোনো প্রশ্নের উত্তর থাকবে না। বরং উদ্দীপক শিক্ষার্থীকে বিভিন্নভাবে চিন্তা করতে উৎসাহিত করবে।
- উদ্দীপক বিবেচনায় না রেখে 'ক' ও 'খ' অংশের উত্তর দেওয়া সম্ভব হতে পারে।
- উদ্দীপক বিবেচনায় না রেখে 'গ' ও 'ঘ' অংশের উত্তর দেওয়া সম্ভব হবে না।
- একটি সৃজনশীল প্রশ্নের প্রতিটি অংশ তার সাথে সংশ্লিষ্ট দক্ষতা পরিমাপের উপযোগী হতে হবে।
- একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশ ('ক', 'খ', 'গ' ও 'ঘ' অংশ) উদ্দীপকের আলোকে গঠিত হলেও অংশসমূহ সংশ্লিষ্ট দক্ষতা পরিমাপের উপযোগী নাও হতে পারে। এ ক্ষেত্রে উদ্দীপক/প্রশ্ন সংশোধনের প্রয়োজন হয়।
- একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশ ('ক', 'খ', 'গ' ও 'ঘ' অংশ) এমনভাবে প্রণয়ন করতে হবে যেন বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি না ঘটে।
- একটি সৃজনশীল প্রশ্নপত্র এমনভাবে প্রণয়ন করতে হবে যেন প্রশ্নপত্রের বিভিন্ন প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরের পুনরাবৃত্তি না ঘটে।
- একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের পূর্ণ বা আংশিক উত্তরে (পূর্ণ বা আংশিক উত্তর বিভিন্নভাবে লেখা যেতে পারে) নম্বর প্রদান কী হবে তা প্রশ্ন প্রণয়নের সময় আগাম বিবেচনা করে নম্বর প্রদান নির্দেশিকা ঠিক করে নিতে হয়।
- সৃজনশীল প্রশ্নের কোনো অংশের উত্তর প্রদানের জন্য প্রয়োজনীয় জ্ঞান অর্থাৎ তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি অবশ্যই শিক্ষাক্রমের আলোকে পাঠ্যপুস্তকে থাকতে হবে।
- সৃজনশীল প্রশ্ন তৈরির সময়ে কিছু ত্রুটি দৃষ্টিগোচর নাও হতে পারে। সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর তৈরি করার সময়ে প্রশ্নের সবলতা ও দুর্বলতা (ত্রুটি-বিচ্যুতি) দৃশ্যমান হবে এবং এর ভিত্তিতে প্রশ্ন সংশোধন করতে হবে।

**প্রশিক্ষণ কার্যক্রম**

**কাজ-১: সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন ও উপস্থাপন (১৩০ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- পূর্বের দিনের প্রশ্নপত্রের খামগুলো বিভিন্ন দলের মধ্যে লটারির মাধ্যমে বণ্টন (নিজ দলের খাম ব্যতীত) করে দিবেন;
- প্রতিটি দলকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ প্রাপ্ত সৃজনশীল প্রশ্নপত্র থেকে ১টি প্রশ্ন পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নটির কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন/পরিবর্তন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্ন প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যে কোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

**কাজ-২: একসেট সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন ও উপস্থাপন (২৪৫ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- পূর্বের অভিজ্ঞতার আলোকে প্রতিটি দলকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সেটের অবশিষ্ট সৃজনশীল প্রশ্নগুলো পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- এক সেট যথার্থ প্রশ্নপত্র তৈরির লক্ষ্যে প্রয়োজন হলে নতুন প্রশ্ন প্রণয়ন করতে বলবেন;
- রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সেটের অবশিষ্ট সৃজনশীল প্রশ্নে কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন/পরিবর্তন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্নপত্র প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যে কোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

**পঞ্চম দিবস শেষে বাড়ির কাজ: প্রশিক্ষক প্রত্যেক দলের সদস্যদের মধ্যে সকল অধ্যায় বন্টন করে দিবেন। প্রত্যেক প্রশিক্ষণার্থী তার জন্য বরাদ্দকৃত অধ্যায়/অধ্যায়সমূহ থেকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ ৪টি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন / ১টি আর্থিক বিবরণীর প্রশ্ন প্রণয়ন করবেন। উল্লেখ্য যে, প্রত্যেক দলকে পরবর্তী দিন সকল অধ্যায়ের সমন্বয়ে এক সেট সংক্ষিপ্ত উল্টর প্রশ্ন ও একটি আর্থিক বিবরণীর প্রশ্ন প্রণয়ন করতে হবে।**

## ষষ্ঠ দিবস: অধিবেশন ১,২,৩ ও ৪
## (০৯:০০-০৫:০০)

| | | |
|---|---|---|
| **প্রশিক্ষণের বিষয়** | : | **আর্থিক বিবরণী ও সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের গঠন কাঠামো, প্রশ্ন প্রণয়ন এবং পরিশোধন** |
| **শিখনফল** | : | এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ-<br>● আর্থিক বিবরণী ও সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের গঠন কাঠামো ব্যাখ্যা করতে পারবেন;<br>● রুব্রিক্স ও নমুনা উত্তরসহ আর্থিক বিবরণী ও সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন প্রণয়ন এবং পরিশোধন করতে পারবেন। |

**প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:** সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।
**প্রশিক্ষণ উপকরণ** : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

**তথ্যপত্র**

এসএসসি/সমমান ও দাখিল পরীক্ষার প্রশ্নের ধরন ও মানবন্টন বিষয়ে এনসিটিবি ২০২৫ সালে একটি নতুন নির্দেশনা জারী করে। নির্দেশনা অনুযায়ী বিভিন্ন বিষয়ে বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নের পাশাপাশি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন এবং বর্ণনামূলক প্রশ্ন পরীক্ষায় অন্তর্ভুক্ত হবে। **হিসাববিজ্ঞানের ক্ষেত্রে ২০ নম্বরের একটি আর্থিক বিবরণী প্রস্তুতকরণের প্রশ্ন অন্তর্ভুক্ত করা হয়েছে।** বিষয়ভিত্তিক প্রশ্নের ধরন ও নম্বর বিভাজন নিম্নরূপ-

| বিষয় | বর্ণনামূলক প্রশ্ন |
|---|---|
| বাংলা ১ম পত্র<br>(এসএসসি/সমমান) | ● মোট বরাদ্দকৃত নম্বর ২০<br>● সহপাঠ থেকে ৪টি প্রশ্ন থাকবে<br>● উপন্যাস থেকে ২টি, নাটক থেকে ২টি<br>● উপন্যাস থেকে ১টি, নাটক থেকে ১টি প্রশ্নের উত্তর লিখতে হবে<br>● প্রতিটি প্রশ্নের মোট নম্বর ১০<br>● প্রতি প্রশ্নের ২টি অংশ, ক অংশের জন্য ৩ এবং খ অংশের জন্য ৭ নম্বর<br>*****২০২৬ সালেরএসএসসি পরীক্ষায় শুধু উপন্যাস থেকে ৪টি প্রশ্ন থাকবে*** |

| বিষয় | সংক্ষিপ্ত-প্রশ্ন উত্তর |
|---|---|
| **এসএসসি/সমমান এবং দাখিল পর্যায়**<br>গণিত, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, পৌরনীতি ও নাগরিকতা<br>**শুধু এসএসসি/সমমান পর্যায়**<br>বিজ্ঞান, বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, অর্থনীতি, ভূগোল ও পরিবেশ, ব্যবসায় উদ্যোগ, ফিন্যান্স ও ব্যাংকিং, ইসলাম শিক্ষা, হিন্দুধর্ম শিক্ষা, বৌদ্ধধর্ম শিক্ষা, খ্রীষ্টধর্ম শিক্ষা<br>**শুধু দাখিল পর্যায়**<br>বাংলা ১ম পত্র, ইসলামের ইতিহাস | ● মোট বরাদ্দকৃত নম্বর ২০<br>● মোট ১৫টি প্রশ্ন থাকবে<br>● যেকোনো ১০টি প্রশ্নের উত্তর লিখতে হবে<br>● প্রতিটি প্রশ্নের জন্য ২ নম্বর বরাদ্দ থাকবে |
| **এসএসসি/সমমান এবং দাখিল পর্যায়**<br>পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, কৃষিশিক্ষা, উচ্চতর গণিত, গার্হস্থ্যবিজ্ঞান<br>**শুধু এসএসসি/সমমান পর্যায়**<br>হিসাববিজ্ঞান | ● মোট বরাদ্দকৃত নম্বর ১০<br>● মোট ৭টি প্রশ্ন থাকবে<br>● যেকোনো ৫টি প্রশ্নের উত্তর লিখতে হবে<br>● প্রতিটি প্রশ্নের জন্য ২ নম্বর বরাদ্দ থাকবে |

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন প্রণয়নে বিবেচ্য বিষয়

**১. শিখনফল:** প্রতিটি প্রশ্ন অবশ্যই শিখনফলের আলোকে হতে হবে। সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে প্রশ্নটি যেন শিখনফল সংশ্লিষ্ট উপযুক্ত দক্ষতা স্তর ও বিষয়বস্তুর গভীরতাকে পরিমাপ করতে পারে তা নিশ্চিত করতে হবে।

**২. দক্ষতা স্তর:** সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের ক্ষেত্রে অনুধাবন বা ব্যাখ্যা করার সক্ষমতা এবং প্রয়োগ করার সক্ষমতা যাচাই করতে হবে। প্রশ্নটি যেন সংশ্লিষ্ট দক্ষতা স্তর মূল্যায়নের উপযোগী হয় তা নিশ্চিত করতে হবে। প্রয়োগ দক্ষতা যাচাই করার জন্য সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন প্রণয়ন করতে চাইলে প্রশ্নে ১/২ বাক্যে পরিস্থিতি তৈরি করতে হবে। তবে প্রয়োজন হলে কিছু ক্ষেত্রে জ্ঞান দক্ষতা বা স্মরণ করার সক্ষমতা যাচাইয়ের জন্যও সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন করা যেতে পারে। তবে এটি সংশ্লিষ্ট বিষয়ের প্রকৃতির ওপর নির্ভর করে।

**৩. সময় ও উত্তরের পরিধি:** সংক্ষিপ্ত উত্তর প্রশ্নটি এমন হতে হবে যাতে ৩ থেকে ৪ মিনিটের মধ্যে শিক্ষার্থী প্রশ্নটির উত্তর লিখতে পারে। উত্তরের পরিধি বিবেচনায় এই ধরনের প্রশ্নের প্রত্যাশিত উত্তর ৫ বাক্যের অধিক হওয়া উচিত নয়।

**৪. রুব্রিক্স ও নমুনা উত্তর:** প্রশ্ন তৈরির সময়ই সম্ভাব্য রুব্রিক্স ও নমুনা উত্তর বিবেচনা করতে হবে। এর ফলে প্রশ্নটির প্রত্যাশিত দক্ষতাস্তর, সময় ও উত্তরের পরিধির সাথে প্রশ্নটি কতটা সামঞ্জস্যপূর্ণ তা আরও দৃশ্যমান হয় এবং কী কী সংশোধন করা প্রয়োজন তা স্পষ্টভাবে বোঝা যায়। **[রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের উদাহরণ পরিশিষ্ট-ড]**

## আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্নের কাঠামো ও প্রশ্ন প্রণয়নে বিবেচ্য বিষয়

এনসিটিবির নির্দেশনা অনুযায়ী আর্থিক বিবরণী অধ্যায় থেকে ২০ নম্বরের একটি প্রশ্ন থাকবে। একটিরই উত্তর দিতে হবে। প্রশ্নটিতে রেওয়ামিল ও সমন্বয় থেকে বিশদ আয় বিবরণী, মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী এবং আর্থিক অবস্থার বিবরণী এই ৩টি বিবরণী তৈরি করার নির্দেশনা থাকবে। ৩টি বিবরণীর জন্য সম্ভাব্য নম্বর বিভাজন হতে পারে ৮+২+১০ বা ৯+২+৯ বা ৭+৩+১০ ইত্যাদি। ৩টি বিবরণীর জন্য নম্বর বিভাজন বিবরণীর সাথে সংশ্লিষ্ট দফার সংখ্যা ও চিন্তন দক্ষতার গভীরতার উপর নির্ভর করবে। তবে পরিধি বিবেচনায় মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণীর চেয়ে অন্য দুটি বিবরণীর বরাদ্দকৃত নম্বর অধিক হবে।

আর্থিক বিবরণীর প্রশ্ন তৈরির ক্ষেত্রেও শিখনফল, দক্ষতা স্তর, সময়, উত্তরের পরিধি, রুব্রিক্স ও সম্ভাব উত্তর বিবেচনায় নিতে হবে। আর্থিক বিবরণী অধ্যায় থেকে বাধ্যতামূলক এই প্রশ্নটিতে যাতে অধ্যায়ের শিখনফলগুলোর প্রতিনিধিত্ব থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। দক্ষতা স্তর বিবেচনায় প্রশ্নটি প্রয়োগ স্তরের। বিভিন্ন মানের পরীক্ষার্থীর উপযোগি করার জন্য প্রশ্নটিতে সহজ, মধ্যম ও কঠিন প্রয়োগ দক্ষতা যাচাই করার সুযোগ রাখতে হবে । অর্থাৎ সব দফাই যাতে সহজ বা সব দফাই যাতে খুব কঠিন না হয়। প্রশ্নটি এমনভাবে তৈরি করতে হবে যাতে ১৮ থেকে ২০ মিনিটের মধ্যে এর উত্তর লেখা সম্ভব হয়। প্রশ্নটি তৈরি করার সময়ই সম্ভাব্য রুব্রিক্স ও নমুনা উত্তর কী হবে তা চিন্তা করতে হবে। প্রতিটি বিবরণীর জন্য কত নম্বর বরাদ্দ করা হবে, মোট বরাদ্দকৃত নম্বরের বিভাজিত নম্বর কীভাবে প্রদান করা হবে, কী ভুলের জন্য কী পরিমাণ নম্বর কাটা হবে তা প্রশ্ন প্রণয়নের সময় সুনির্দিষ্টভাবে বিবেচনা করতে হবে। **[রুব্রিক্স ও নমুনা উত্তরসহ আর্থিক বিবরনী সংক্রান্ত প্রশ্নের উদাহরণ পরিশিষ্ট-'ঢ']**

**প্রশিক্ষণ কার্যক্রম**

**কাজ-১: সংক্ষিপ্ত উত্তর ও আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্নের গঠন কাঠামো ও প্রশ্ন প্রণয়নে বিবেচ্য বিষয়সমূহ। (৪৫মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-**

- তথ্যপত্রটি নীরবে পাঠ করতে বলবেন;
- প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে এসএসসি/সমমান পরীক্ষার প্রশ্নের ধরন ও মানবন্টন বিষয়ে এনসিটিবির নতুন পরিপত্র সম্পর্কে প্রশিক্ষণার্থীদের ধারণা স্পষ্ট করবেন;
- সংক্ষিপ্ত উত্তর ও আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্নের গঠন কাঠামো সম্পর্কে প্রশিক্ষণার্থীদের কোনো প্রশ্ন থাকলে তা উপস্থাপন করতে বলবেন;
- প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে সংক্ষিপ্ত উত্তর ও আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্নের গঠন কাঠামো ও প্রশ্ন প্রণয়নে বিবেচ্য বিষয় সম্পর্কে প্রশিক্ষণার্থীদের ধারণা স্পষ্ট করবেন;
- প্রয়োজনে তথ্যপত্রের সহায়তা নিবেন।

**কাজ-২: সংক্ষিপ্ত উত্তর ও আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্ন প্রণয়ন, উপস্থাপন ও পরিশোধন। (৭৫ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক**

- পূর্বে গঠিত দলে বসে বাড়ির কাজে প্রণীত সংক্ষিপ্ত উত্তর ও আর্থিক বিবরণী প্রশ্নগুলো নিয়ে আলোচনা করে প্রয়োজনীয় সংশোধন করতে বলবেন;
- প্রতি দল থেকে ঐকমত্যের ভিত্তিতে ২ টি সংক্ষিপ্ত উত্তর ও ১টি  আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্ন চূড়ান্ত করে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ পোস্টার তৈরি করতে বলবেন;
- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশিক্ষণার্থীগণের যৌক্তিক মতামতের ভিত্তিতে প্রশ্ন পরিমার্জন করতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব পর্যবেক্ষণের আলোকে প্রশ্ন পরিমার্জন করে দিবেন।

**কাজ-৩: একসেট সংক্ষিপ্ত উত্তর ও ১টি আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্ন চূড়ান্তকরণ  (৭৫ মিনিট)**
**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- পূর্বের অভিজ্ঞতার আলোকে প্রতিটি দলকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ অবশিষ্ট প্রশ্নগুলো পরিশোধন করে সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের ১টি সেট ও ১টি আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্ন  তৈরি করতে বলবেন;
- দলগত ঐকমত্যের ভিত্তিতে তৈরিকৃত রুব্রিক্স ও নমুনা উত্তরসহ ১ সেট সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ও ১টি আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্ন চূড়ান্ত করে খামে ভরে জমা দিতে বলবেন। (প্রতিটি খামের ওপর সংশ্লিষ্ট দলের নাম লিখতে হবে)

**কাজ-৪: একসেট সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ও ১টি আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্ন পরিশোধন (১৮০ মিনিট)**
**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- প্রশ্নপত্রের খামগুলো বিভিন্ন দলের মধ্যে লটারির মাধ্যমে বণ্টন (নিজ দলের খাম ব্যতীত) করে দিবেন;
- প্রতিটি দলকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ প্রাপ্ত সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ও আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্ন পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- রুব্রিক্স ও নমুনা উত্তরসহ প্রশ্নগুলোর কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন/পরিবর্তন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্ন প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যে কোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

# পরিশিষ্ট

**পরিশিষ্ট: ‘ক’**

## শিক্ষাক্রম অনুযায়ী ষষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য

**লক্ষ্য**

শিক্ষার্থীর সার্বিক বিকাশের মাধ্যমে মানবিক, সামাজিক ও নৈতিক গুণসম্পন্ন জ্ঞানী, দক্ষ, যুক্তিবাদী ও সৃজনশীল দেশপ্রেমিক জনসম্পদ সৃষ্টি।

**উদ্দেশ্য**

১. শিক্ষার্থীর সুপ্ত প্রতিভা ও সম্ভাবনা বিকাশের মাধ্যমে সৃজনশীলতা, কল্পনা ও অনুসন্ধিৎসা বৃদ্ধিতে সহায়তা করা।

২. শিক্ষার্থীর মধ্যে মানবিক গুণাবলি, যেমন- নৈতিক মূল্যবোধ, সততা, অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, আত্মবিশ্বাস, সদাচার, অন্যের প্রতি শ্রদ্ধাবোধ, নান্দনিকতাবোধ, সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও ন্যায়বিচারবোধ সুদৃঢ়ভাবে গ্রথিত করা।

৩. মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের চেতনা ও অসাম্প্রদায়িক মূল্যবোধের আলোকে শিক্ষার্থীর মধ্যে দেশপ্রেম, জাতীয়তাবোধ ও গণতান্ত্রিক মূল্যবোধ জাগ্রত করা এবং সম্ভাবনাময় নাগরিক হিসাবে বেড়ে উঠতে সহায়তা করা।

৪. শিক্ষার্থীর মধ্যে বাংলাদেশ সম্পর্কে সুসংহত জ্ঞানের ভিত রচনা তথা এর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, আর্থ-সামাজিক ও গণতান্ত্রিক রাজনৈতিক চর্চার প্রতি আগ্রহ ও যোগ্যতা সৃষ্টির মাধ্যমে বৈশ্বিক প্রেক্ষাপটে দেশের প্রগতি ও উন্নয়নে অবদান রাখতে সক্ষম করে গড়ে তোলা।

৫. শ্রমের মর্যাদা, কাজের অভ্যাস ও কাজ করতে আগ্রহী হওয়ার প্রতি ইতিবাচক মনোভাব বিকশিত করা যাতে শিক্ষার্থী ব্যক্তিগত এবং দলগত উভয় ধরনের কাজ সম্পাদনে নৈতিকতা ও দায়িত্বশীলতার পরিচয় দিতে পারে।

৬. সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগ রক্ষায় শিক্ষার্থীর প্রমিত বাংলা ভাষার দক্ষতা সুদৃঢ় ও সুসংহত করা এবং নিয়মিত পাঠাভ্যাস গড়ে তোলা।

৭. বাংলা সাহিত্যের অন্তর্নিহিত নান্দনিক সৌন্দর্য, শৃঙ্খলা এবং সখ্য উপভোগ ও উদঘাটনে শিক্ষার্থীর যোগ্যতা বিকশিত করা।

৮. আধুনিক কর্মক্ষেত্র, উচ্চশিক্ষাসহ সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগের প্রয়োজনে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতাসমূহ অর্জনের মাধ্যমে শিক্ষার্থীকে যোগ্য করে গড়ে তোলা।

৯. শিক্ষার্থীকে গাণিতিক যুক্তি, পদ্ধতি ও দক্ষতার সাথে পরিচিত করানো এবং জীবন ঘনিষ্ঠ ও বিশ্বের পারিপার্শ্বিক সমস্যা সমাধানের জন্য গণিতের প্রায়োগিক দক্ষতা বিকশিত করা।

১০. শিক্ষার্থীকে প্রযুক্তির প্রতি আগ্রহী করে তোলা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে আত্মবিশ্বাসী, উৎপাদনশীল এবং সৃজনশীল হিসাবে তৈরি করা।

১১. শিক্ষার্থী যাতে জীবনমান উন্নয়নের জন্য জীবন ঘনিষ্ঠ বিভিন্ন সমস্যা অনুসন্ধান ও সমাধানে বৈজ্ঞানিক প্রক্রিয়া ও পদ্ধতি প্রয়োগ করতে পারে সে লক্ষ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও যোগ্যতা অর্জনে সহায়তা করা।

১২. দেশে এবং বহির্বিশ্বের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ এবং জলবায়ুর পরিবর্তনের উপর গুরুত্বারোপ করে পরিবেশগত উপাদান সম্পর্কে শিক্ষার্থীদের পরিচিত করা। একই সাথে সংশিষ্ট সকলের কল্যাণের জন্য ঐ সকল উপাদানকে নিয়ন্ত্রণ ও ব্যবহার করার যোগ্যতা অর্জনে সহায়তা করা।

১৩. খাদ্য ও পুষ্টি, শারীরিক সক্ষমতা, রোগ-ব্যাধি, প্রজনন স্বাস্থ্য এবং ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদির উপর গুরুত্বারোপ করে শিক্ষার্থীকে স্বাস্থ্যসম্মত জীবনযাপনের প্রয়োজনীয় জ্ঞান, জীবন দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়তা করা।

১৪. শিক্ষার্থীর মনে নিজ নিজ ধর্মীয় বিশ্বাস ও মূল্যবোধ জাগ্রত করার পাশাপাশি অন্য ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধাশীল হতে সহায়তা করা।

১৫. শিক্ষার্থীর মধ্যে বাঙালি এবং ক্ষুদ্র জাতি-গোষ্ঠীর নারী-পুরুষ, বর্ণ, গোত্র, ভাষা, সংস্কৃতি, বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষের প্রতি ভ্রাতৃত্ব ও শ্রদ্ধাবোধ সৃষ্টি করা।

১৬. শিক্ষার্থীর দৈহিক ও মানসিক বিকাশের লক্ষ্যে সহশিক্ষাক্রমিক কার্যাবলি- খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক কর্মকান্ড, চারু ও কারুকলা অনুশীলনের নিয়মিত অভ্যাস গড়ে তোলা।

১৭. জীবনব্যাপী শিক্ষায় আগ্রহী ও যোগ্য করার জন্য শিক্ষার্থীর ব্যক্তিগত ও সামাজিক জীবন, আধুনিক কর্মক্ষেত্র এবং স্ব-কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি সুদৃঢ় করা।

১৮. সহযোগিতামূলক কাজ করার মাধ্যমে শিক্ষার্থীর নেতৃত্ব, সহযোগিতা ও যোগাযোগ দক্ষতা বিকাশে সক্ষম করা।

**পরিশিষ্ট: 'খ-১'**

# বিষয় : হিসাববিজ্ঞান

## বিষয় কোড : ১৪৬

### বিষয়ভিত্তিক উদ্দেশ্য

১. হিসাববিজ্ঞানের প্রাথমিক জ্ঞান অর্জন করা এবং এ বিষয়ে উচ্চতর জ্ঞান অন্বেষণে উদ্বুদ্ধ হওয়া।

২. হিসাববিজ্ঞানের সামগ্রিক গুরুত্ব সম্পর্কে ধারণা লাভ করা এবং সততা, হিসাব সচেনতা ও মূল্যবোধ সৃষ্টিতে হিসাববিজ্ঞানের প্রভাব উপলব্ধি করতে পারা।

৩. পরিবার ও ব্যবসায় প্রতিষ্ঠানের লেনদেনের প্রকৃতি এবং লেনদেন লিপিবদ্ধকরণে ব্যবহৃত বিভিন্ন দলিলাদির ব্যবহার সম্পর্কে অবহিত হওয়া।

৪. দু'তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখার বিধি-বিধান সম্পর্কে জ্ঞান অর্জন করা ও প্রয়োগ করতে পারা।

৫. মুনাফা জাতীয় ও মূলধন জাতীয় লেনদেনের ধারণা লাভ করা।

৬. ব্যবসায় প্রতিষ্ঠানের হিসাবের বিভিন্ন বই প্রস্তুতকরণের যোগ্যতা অর্জন করা।

৭. ব্যবসায় প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী প্রস্তুতকরণ ও বিশ্লেষণের যোগ্যতা অর্জন করা।

৮. ব্যবসায় প্রতিষ্ঠানের পণ্যদ্রব্যের উৎপাদন ব্যয় নির্ধারণ পদ্ধতি সম্পর্কে অবগত হওয়া।

৯. ব্যবসায় প্রতিষ্ঠানের পণ্যদ্রব্যের ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য নির্ধারণে সক্ষম হওয়া।

১০. দৈনন্দিন, ব্যক্তিগত ও পারিবারিক কর্মকান্ডের হিসাব রাখা ও পারিবারিক জীবনে বাজেট তৈরি করে আয়-ব্যয়ের নিয়ন্ত্রণ এবং সম্পদের সুষ্ঠু ব্যবহারে সক্ষম হওয়া।

১১. ক্ষুদ্র ও মাঝারি প্রকল্পের হিসাব রাখতে সক্ষম হওয়া।

**পরিশিষ্ট: 'খ-২'**

# মাধ্যমিক স্তরের কারিকুলাম অনুযায়ী বিষয়বস্তু ও শিখনফল
## বিষয় : হিসাববিজ্ঞান

**প্রথম অধ্যায় : হিসাববিজ্ঞান পরিচিতি (০৯ পিরিয়ড )**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. হিসাববিজ্ঞানের ধারণা বর্ণনা করতে পারবে।<br>২. হিসাববিজ্ঞানের উদ্দেশ্য ব্যাখ্যা করতে পারবে।<br>৩. হিসাববিজ্ঞানের প্রয়োজনীয়তা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>৪. হিসাববিজ্ঞানের উৎপত্তি ও ক্রমবিকাশ বর্ণনা করতে পারবে।<br>৫. হিসাব তথ্যের ব্যবহারকারীদের শনাক্ত করতে পারবে<br>৬. সমাজ ও পরিবেশের সাথে হিসাব ব্যবস্থার সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে।<br>৭. মূল্যবোধ ও জবাবদিহিতা সৃষ্টিতে হিসাববিজ্ঞানের ভূমিকা বিশ্লেষণ করতে পারবে।<br><br>**আবেগীয়**<br>৮. নৈতিকতা ও মূল্যবোধের বিকাশ এবং জবাবদিহিতা সৃষ্টিতে হিসাববিজ্ঞানের গুরুত্ব উপলব্ধি করবে।<br>৯. দৈনন্দিন, ব্যক্তিগত, পারিবারিক ও প্রাতিষ্ঠানিক কর্মকান্ডে সঠিক পদ্ধতিতে হিসাব রাখতে আগ্রহী হবে। | • হিসাববিজ্ঞানের ধারণা<br>• হিসাব রাখার উদ্দেশ্য<br>• হিসাববিজ্ঞানের উৎপত্তি ও ক্রমবিকাশ<br>• হিসাববিজ্ঞানের প্রয়োজনীয়তা ও গুরুত্ব<br>• হিসাব তথ্যের ব্যবহারকারী<br>• সমাজ ও পরিবেশের সাথে হিসাব ব্যবস্থার সম্পর্ক<br>• মূল্যবোধ সৃষ্টিতে ও জবাবদিহি প্রক্রিয়ায় হিসাববিজ্ঞানের ভূমিকা |

**দ্বিতীয় অধ্যায় : লেনদেন (০৯ পিরিয়ড )**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. লেনদেনের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>২. লেনদেনের প্রকৃতি শনাক্ত করতে পারবে।<br>৩. হিসাব সমীকরণ বিশ্লেষণ করতে পারবে।<br>৪. হিসাব সমীকরণে ব্যবসায়িক লেনদেনের প্রভাব ব্যাখ্যা করতে পারবে।<br>৫. ব্যবসায় প্রতিষ্ঠানের লেনদেনের উৎস দলিলাদি তালিকা করে বর্ণনা করতে পারবে।<br>৬. লেনদেনের সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি যথাযথভাবে প্রস্তুত করতে পারবে।<br>**মনোপেশিজ**<br>৭. ব্যবসায় প্রতিষ্ঠানের লেনদেনের উৎস দলিলাদির পোস্টার ডিজাইন করে প্রদর্শন করতে পারবে।<br>**আবেগীয়**<br>৮. ব্যবসায় প্রতিষ্ঠানের লেনদেনের উৎস দলিলাদি সঠিকভাবে সংরক্ষণে যত্নবান হবে। | • লেনদেনের ধারণা ও প্রকৃতি;<br>• হিসাব সমীকরণ;<br>• হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব;<br>• ব্যবসায়িক লেনদেনের উৎস এবং এতদসংক্রান্ত দলিলপত্রাদি (চালান, ভাউচার, ক্যাশমেমো, ডেবিট নোট, ক্রেডিট নোট ইত্যাদি) |

**তৃতীয় অধ্যায় : দু'তরফা দাখিলা পদ্ধতি (০৯ পিরিয়ড )**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. লেনদেনের দ্বৈতসত্তা নীতি ব্যাখ্যা করতে পারবে।<br>২. দু'তরফা দাখিলা পদ্ধতির ধারণা ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে।<br>৩. দু'তরফা দাখিলা পদ্ধতির সুবিধাসমূহ ব্যাখ্যা করতে পারবে।<br>৪. লেনদেনে জড়িত দুটি পক্ষ অর্থাৎ ডেবিট ও ক্রেডিট পক্ষ শনাক্ত/চিহ্নিত করতে পারবে।<br>৫. হিসাবচক্রের বিভিন্ন ধাপ ব্যাখ্যা করতে পারবে<br>৬. লেনদেনের জন্য উপযুক্ত হিসাবের বই চিহ্নিত করতে পারবে।<br>৭. একতরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী ব্যবসায়ের মুনাফা নির্ণয় করতে পারবে। | • লেনদেনের দ্বৈতসত্তা নীতি<br>• দু'তরফা দাখিলা পদ্ধতির ধারণা ও বৈশিষ্ট্য<br>• দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধাসমূহ<br>• বিভিন্ন ব্যবসায়িক লেনদেনের উদাহরণসহ দু'তরফা দাখিলা পদ্ধতির ব্যাখ্যা<br>• দু'তরফা দাখিলা পদ্ধতিতে রক্ষিত বিভিন্ন বই<br>• হিসাবচক্র ও হিসাবচক্রের ধাপ<br>• হিসাবের ধারাবাহিকতা রক্ষা পদ্ধতি<br>• একতরফা দাখিলা পদ্ধতিতে মুনাফা নির্ণয়ের সূত্র ও ব্যাখ্যা |

**চতুর্থ অধ্যায় : মূলধন ও মুনাফা জাতীয় লেনদেন (০৯ পিরিয়ড )**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের ধারণা বর্ণনা করতে পারবে<br>২. মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের মধ্যে পার্থক্য নিরূপণ করতে পারবে।<br>৩. দুতরফা দাখিলা পদ্ধতিতে মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের পার্থক্যকরণের প্রয়োজনীয়তা বিশ্লেষণ করতে পারবে।<br>৪. লাভ-ক্ষতির পরিমান এবং আর্থিক বিবরণী প্রস্তুতকালে মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনসমূহ যথাযথভাবে প্রয়োগ করতে পারবে। | • মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের ধারণা, উদাহরণ, পার্থক্য, প্রয়োজনীয়তা।<br>• দু'তরফা দাখিলা পদ্ধতিতে মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের প্রভাব। |

**পঞ্চম অধ্যায় : হিসাব (০৯ পিরিয়ড )**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. হিসাবের ধারণা ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে।<br>২. হিসাবের বিভিন্ন প্রকার ছক ('T' ছক ও চলমান জের ছক) প্রস্তুত করতে পারবে।<br>৩. হিসাব সমীকরণ অনুযায়ী হিসাবের শ্রেণিবিভাগ করতে পারবে।<br>৪. দু'তরফা দাখিলার রীতি অনুযায়ী সংশ্লিষ্ট হিসাবে ডেবিট-ক্রেডিট লিপিবদ্ধ করতে পারবে।<br>**আবেগীয়**<br>৫. ব্যবসায়িক লেনদেনসমূহকে সুনির্দিষ্ট ছক অনুসরণ করে হিসাবের বইতে লিপিবদ্ধকরণে আগ্রহী হবে। | • হিসাবের ধারণা ও বৈশিষ্ট্য<br>• হিসাবের নমুনা ছক ('T' ও চলমান জের)<br>• হিসাব সমীকরণ অনুযায়ী হিসাবের শ্রেণিবিভাগ<br>• বিভিন্ন প্রকার হিসাবের ডেবিট-ক্রেডিট নির্ণয়ে নীতি<br>• বিভিন্ন হিসাবের উপর লেনদেনের প্রভাব |

**ষষ্ঠ অধ্যায় : জাবেদা (১৮ পিরিয়ড )**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. প্রারম্ভিক লিখন হিসাবে জাবেদার ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>২. জাবেদার শ্রেণিবিভাগ করতে পারবে।<br>৩. লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা প্রদান করতে পারবে।<br>৪. চালানের ভিত্তিতে ক্রয় ও বিক্রয় জাবেদা, ডেবিট নোটের ভিত্তিতে ক্রয় ফেরত জাবেদা এবং ক্রেডিট নোটের ভিত্তিতে বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করতে পারবে।<br>৫. যথাযথভাবে নগদ প্রাপ্তি জাবেদা ও নগদ প্রদান জাবেদা প্রস্তুত করতে পারবে। | ● জাবেদার ধারণা ও বৈশিষ্ট্য<br>● জাবেদা লিখনের প্রয়োজনীয়তা<br>● জাবেদার শ্রেণিবিভাগ<br>● কারবারি বাট্টা ও নগদ বাট্টা<br>● জাবেদায় লেনদেন লিখন পদ্ধতি<br>● ক্রয় বই, বিক্রয় বই, ক্রয় ফেরত বই, বিক্রয় ফেরত বই, নগদ প্রাপ্তি বই ও নগদ প্রদান বই প্রস্তুতকরণ |

**সপ্তম অধ্যায় : খতিয়ান (১৫ পিরিয়ড )**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. পাকা বই হিসাবে খতিয়ানের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>২. খতিয়ানের শ্রেণিবিভাগ করতে পারবে।<br>৩. জাবেদা ও খতিয়ানের পার্থক্য নিরূপণ করতে পারবে।<br>৪. 'T' ছক ও চলমান জের ছকে হিসাব প্রস্তুত করে হিসারের জের নির্ণয় করতে পারবে।<br>৫. বিভিন্ন ধরনের খতিয়ানের ডেবিট ও ক্রেডিট জেরের তাৎপর্য বিশ্লেষণ করতে পারবে। | ● খতিয়ানের ধারণা,এর বৈশিষ্ট্য ও গুরুত্ব<br>● খতিয়ানের শ্রেণিবিভাগ<br>● জাবেদা ও খতিয়ানের পার্থক্য<br>● খতিয়ানের ' T ' ও চলমান জের উভয় ছক; উভয় ছকে খতিয়ান প্রস্তুতকরণ ও জের টানা<br>● ক্রয় বই, বিক্রয় বই, ক্রয় ফেরত বই, বিক্রয় ফেরত বই, প্রকৃত জাবেদা বই, প্রস্তুতকরণ ও সংশ্লিষ্ট খতিয়ানে স্থানান্তর;<br>● খতিয়ান হতে প্রাপ্ত বিভিন্ন হিসাবের ডেবিট ও ক্রেডিট জের এর তাৎপর্য এবং হিসাবের জের দ্বারা রেওয়ামিল তৈরির ধারণা। |

**অষ্টম অধ্যায় : নগদান বই (১৫ পিরিয়ড )**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. নগদান বইয়ের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>২. বিভিন্ন প্রকার নগদান বই প্রস্তুত করতে এবং নগদান বইয়ের জের টানতে পারবে।<br>৩. বিপরীত দাখিলা লিপিবদ্ধ করতে পারবে।<br>৪. নগদ প্রাপ্তি জাবেদা ও নগদ প্রদান জাবেদা প্রস্তুত করতে পারবে।<br>৫. নগদ বাট্টা লিপিবদ্ধ করতে পারবে।<br>৬. নগদান বইয়ের অন্তর্ভুক্ত দাখিলাসমুহ খতিয়ানে যথার্থভাবে স্থানান্তর করতে পারবে।<br>৭. ব্যাংক বিবরণীর ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>৮. ব্যাংক বিবরণী ও নগদান বইয়ের জেরের মধ্যে গরমিলের কারণ ব্যাখ্যা করতে পারবে।<br>মনোপেশিজ<br>৯. নিজ এলাকার ক্ষুদ্র ব্যবসাসমূহে কিভাবে নগদ তহবিল সংরক্ষণ ও পরিচালনা করে এ বিষয়ে অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করে একটি প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপন করতে পারবে। | ● নগদান বইয়ের ধারণা ও বৈশিষ্ট্য<br>● নগদান বইয়ের গুরুত্ব ও শ্রেণিবিভাগ<br>● একঘরা, দুই ঘরা ও তিন ঘরা নগদান বই প্রস্তুতকরণ<br>● বিপরীত দাখিলা লিখনের পদ্ধতি ও হিসাবে লিপিবদ্ধকরণ<br>● নগদ প্রাপ্তি জাবেদা ও নগদ প্রদান জাবেদা প্রস্তুতকরণ<br>● নগদ বাট্টার উদ্দেশ্য ও লিপিবদ্ধকরণ সম্পর্কে ধারণা<br>● নগদান বইয়ের জের খতিয়ানে স্থানান্তরকরণ<br>● ব্যাংক বিবরণীর ধারণা<br>● ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করার কারণ<br>● ব্যাংক বিবরণী ও নগদান বইয়ের জেরের মধ্যে গরমিলের কারণ ব্যাখ্যা |

**নবম অধ্যায় : রেওয়ামিল (১৫ পিরিয়ড )**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. রেওয়ামিলের ধারণা ও উদ্দেশ্য বর্ণনা করতে পারবে।<br>২. হিসাব লিখনে ভুল কত প্রকার তা ব্যাখ্যা করতে পারবে।<br>৩. হিসাবের উদ্বৃত্ত দিয়ে যথাযথ ছকে রেওয়ামিল প্রস্তুত করে হিসাবের গাণিতিক নির্ভুলতা পরীক্ষা করতে পারবে।<br>৪. হিসাব লিখনের ভুলগুলোর মধ্যে কোনগুলো রেওয়ামিলের গরমিল ঘটাবে এবং কোনগুলো গরমিল ঘটাবে না তা শনাক্ত করতে পারবে।<br>৫. অনিশ্চিত (Suspense) হিসাবের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে।<br>৬. অনিশ্চিত (Suspense) হিসাব খুলে সাময়িকভাবে রেওয়ামিলের উভয় দিক মেলাতে পারবে। | • রেওয়ামিলের ধারণা, উদ্দেশ্য<br>• রেওয়ামিল প্রস্তুতের দ্বারা ধরা পড়ে ও ধরা পড়ে না এমন সব ভুলের উদাহরণসহ বর্ণনা<br>• হিসাবের উদ্বৃত্ত ব্যবহার করে রেওয়ামিল প্রস্তুতকরণ<br>• রেওয়ামিলের গরমিলের কারণ ও প্রতিকারের ব্যবস্থা<br>• অনিশ্চিত হিসাব |

**দশম অধ্যায় : আর্থিক বিবরণী (২৪ পিরিয়ড )**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের মধ্যে পার্থক্য এবং আর্থিক বিবরণী প্রস্তুতকরণে এই পার্থক্যের প্রয়োগ করতে পারবে।<br>২. বিশদ আয় বিবরণী প্রস্তুত করতে পারবে এবং তা থেকে লাভ-ক্ষতি ব্যাখ্যা করতে পারবে।<br>৩. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করতে পারবে এবং এ থেকে স্থায়ী ও চলতি সম্পদ এবং দীর্ঘ মেয়াদি ও চলতি দায়ের মধ্যে পার্থক্য নির্ণয় করতে পারবে।<br>৪. নগদ ও পণ্য উত্তোলন, নতুন মূলধন, নীট লাভ/ক্ষতি কিভাবে মূলধন হিসাবে পরিবর্তন আনে তা ব্যাখ্যা করতে পারবে।<br>৫. কুঋণ এবং সন্দেহজনক কুঋণ সঞ্চিতির প্রয়োজনীয়তা উপলব্ধি করে হিসাবভুক্ত করতে পারবে।<br>৬. সম্পদসমূহের অবচয়ের অর্থ, উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা বুঝে এর হিসাব রাখতে পারবে এবং আর্থিক বিবরণীতে এর প্রয়োদেখাতে পারবে।<br>৭. ব্যবসায়ের আর্থিক অবস্থা মূল্যায়নের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে এবং মূল্যায়নের জন্য হিসাব সংক্রান্ত অনুপাতের অর্থ বুঝতে পারবে<br>৮. হিসাব সংক্রান্ত অনুপাত যেমন- বিক্রয়ের সাথে নিট মুনাফার হার, মূলধনের সাথে নিট মুনাফার হার এবং চলতি সম্পদ ও চলতি দায়ের অনুপাত নির্ণয় ও বিশ্লেষণ করতে পারবে।<br>৯. বিশদ আয় বিবরণী এবং দুই বছরের গুরুত্বপূর্ণ হিসাবের অঙ্কগুলো পাশাপাশি রেখে তুলনা করতে এবং আর্থিক অবস্থার পরিবর্তন বুঝতে পারবে। | • আর্থিক বিবরণীর ধারণা ও তাৎপর্য; উদ্দেশ্য, গুরুত্ব; আর্থিক বিবরণীর বিভিন্ন অংশের বর্ণনা ও প্রস্তুত প্রণালি<br>• সম্পত্তি ও দায়ের শ্রেণিবিভাজন; শ্রেণিবিভাজনের ভিত্তি ও প্রয়োজনীয়তা; বিবরণী ছকে আর্থিক বিবরণীসমূহ যেমন- বিশদ আয় বিবরণী এবং আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুতকরণ।<br>• আর্থিক বিবরণী প্রস্তুতকরণে হিসাববিজ্ঞানের নীতিমালার প্রয়োগ সম্পর্কে উদাহরণসহ প্রাথমিক ধারণা<br>• আর্থিক বিবরণী প্রস্তুতকরণে বিবেচ্য সমন্বয়সমূহ- বকেয়া এবং অগ্রিম আয় ও ব্যয়, অনাদায়ী পাওনা বা কু-ঋণ, অনাদায়ী পাওনা সঞ্চিতি, অবচয় ও পুঞ্জীভূত অবচয়, মূলধন ও ঋণের সুদ, মালিক কর্তৃক পণ্য ও নগদ উত্তোলন।<br>• ব্যবসায়ের আর্থিক অবস্থার মূল্যায়ন, প্রাথমিক ধারণা, মুনাফার হার এবং তারল্যের অবস্থা, দুটি মুনাফার (নীট লাভ অনুপাত ও বিনিয়োজিত মূলধন আয় অনুপাত) এবং দুটি তারল্যের হার (চলতি অনুপাত ও তারল্য অনুপাত) নির্ণয়করণ প্রক্রিয়া |

**একাদশ অধ্যায় : পণ্যের ক্রয়মূল্য, উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্য (১৫ পিরিয়ড )**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. ব্যবসায় প্রতিষ্ঠানের পণ্যের ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য নির্ধারণ করতে পারবে।<br>২. উৎপাদন ব্যয়ের উপাদানের শ্রেণিবিভাগ করতে পারবে।<br>৩. উৎপাদন উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত করে মোট পণ্যের উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্য নির্ধারণ করতে পারবে। | • পণ্যের ক্রয়মূল্য নির্ধারণের ধারণা ও প্রকৃতি<br>• উৎপাদন ব্যয়ের ধারণা<br>• উৎপাদন ব্যয় নির্ণয়ের উদ্দেশ্য<br>• উপাদান ও শ্রেণিবিভাগ<br>• প্রত্যক্ষ ব্যয়, পরোক্ষ ব্যয় ও পরিচালন ব্যয়<br>• উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুতকরণ। |

**দ্বাদশ অধ্যায় : পারিবারিক ও আত্মকর্মসংস্থানমূলক উদ্যোগের হিসাব (১৫ পিরিয়ড )**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. পারিবারিক হিসাব ব্যবস্থার ধারণা ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে।<br>২. পারিবারিক বাজেট প্রণয়ন করতে পারবে।<br>৩. পারিবারিক আর্থিক বিবরণী প্রস্তুত করতে পারবে।<br>৪. আত্মকর্মসংস্থানমূলক উদ্যোগের বাজেট প্রণয়ন ও তার হিসাব সংরক্ষণ করতে পারবে।<br>**আবেগীয়**<br>৫. ব্যক্তিগত ও পারিবারিক জীবনে সুষ্ঠুভাবে আয় ও ব্যয়ের হিসাব রাখতে আগ্রহী হবে।<br>৬. পারিবারিক বাজেট তৈরি করে পারিবারিক আয়-ব্যয়ের নিয়ন্ত্রণ এবং সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে সচেষ্ট হবে এবং সঞ্চয় ও মিতব্যয়িতার অভ্যাস গড়ে তুলতে উদ্বুদ্ধ হবে।<br>৭. আত্মকর্মসংস্থানমূলক ছোট খাট প্রকল্প, যেমন- হাঁস-মুরগি পালন, মৎস্য চাষ, ক্ষুদ্র ও কুটির শিল্পে হিসাব রাখা ও প্রকল্প ব্যয় নিয়ন্ত্রণের পদ্ধতি উপলদ্ধি করে এ জাতীয় প্রকল্প গ্রহণে উৎসাহী ও উদ্বুদ্ধ হবে। | • পারিবারিক হিসাব ব্যবস্থার ধারণা ও বৈশিষ্ট্য, প্রয়োজনীয়তা<br>• পারিবারিক বাজেট প্রণয়ন<br>• পারিবারিক আর্থিক বিবরণী প্রস্তুতকরণ<br>• আত্মকর্মসংস্থানমূলক উদ্যোগের বাজেট প্রণয়ন । |

পরিশিষ্ট: ‘গ’

# শিখনফল ম্যাপ

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড----------**

এসএসসি পরীক্ষা ২০.......

বিষয়: বিষয় কোড:

| LO নং | অধ্যায় ১ | | | অধ্যায় ২ | | | অধ্যায় ৩ | | | অধ্যায় ৪ | | | অধ্যায় ৫ | | | অধ্যায় ৬ | | | অধ্যায় ৭ | | | অধ্যায় ৮ | | | অধ্যায় ৯ | | | অধ্যায় ১০ | | | অধ্যায় ১১ | | | অধ্যায় ১২ | | | মোট | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | MCQ | MCQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | SQ | FSQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ/ FSQ | MCQ | CQ | SQ | FSQ |
| ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

**পরিশিষ্ট: 'ঘ'**

## বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়
## বিষয় : হিসাববিজ্ঞান বিষয় কোড : ১৪৬

১. লেনদেনের ক্ষেত্রে কোন দলিলে মূল্য পরিশোধের শর্ত উল্লেখ থাকে?
ক. চালানে
খ. ক্যাশমেমোতে
গ. ডেবিট নোটে
ঘ. ডেবিট ভাউচারে

২. দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধা কোনটি?
ক. হিসাবের দ্বৈত সত্তা নির্ণয়
খ. সমান অঙ্কের দাতা গ্রহীতা নির্ণয়
গ. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই
ঘ. লেনদেনের সামগ্রিক ফলাফল যাচাই

৩. কোন ক্ষেত্রে ব্যবসায়ের মোট মুনাফা হওয়া সত্ত্বেও পরিচালন ক্ষতি হতে পারে?
ক. অপ্রত্যাশিত ক্ষতি অধিক হলে
খ. সুদ আয় হ্রাস পেলে
গ. সুদের খরচ বৃদ্ধি পেলে
ঘ. বিক্রয় খরচ অধিক হলে

৪. কোনটি ছাড়া ব্যাবসায়িক ঘটনা লেনদেন হবে না?
ক. অর্থের আদান-প্রদান
খ. ঘটনাটি দৃষ্টিগোচর হওয়া
গ. হিসাব সমীকরণের সকল উপাদানের পরিবর্তন
ঘ. হিসাব সমীকরণের অন্তত একটি উপাদানের পরিবর্তন

চায়না ফাস্টফুড-এর স্বত্বাধিকারী মিস চায়না শুধু নিজ আয় দিয়ে মা-বাবাসহ পরিবারের ব্যয় নির্বাহ করেন। তিনি পরিবারের যাবতীয় লেনদেনের সুষ্ঠু হিসাব রাখেন।

৫. মিস চায়না আয়-ব্যয় বিবরণীতে কোনটি লিখবেন?
ক. খাদ্য সামগ্রী বিক্রয়
খ. ব্যবসায়ের মুনাফা
গ. দোকান ভাড়া
ঘ. ফ্রিজ ক্রয়

৬. কোনটি নির্ণয় করে ব্যবসায়ের গতি প্রকৃতি সম্পর্কে ধারণা লাভ করা যায়?
ক. মোট সম্পদ
খ. মোট দায়
গ. লাভ-ক্ষতি
ঘ. মালিকানা স্বত্ব

৭. পারিবারিক বাজেটের নমনীয়তার উদাহরণ কোনটি?
ক. আয়ের একাধিক উৎস সৃষ্টি করা
খ. উৎসব খরচ হ্রাস করে ব্যাংকে জমানো
গ. ফ্রিজ ক্রয়ের জন্য ঋণ গ্রহণ
ঘ. বস্ত্র খরচ কমিয়ে ঔষধ ক্রয়

**উদ্দীপকটি পড় এবং ৮, ৯ ও ১০ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
আরেং ইলেক্ট্রনিক্সকে অপূর্ব ট্রেডার্স ৫,০০০ টাকা দরে ২০টি ফ্যান অর্ডার মোতাবেক সরবরাহ করে। আরেং ইলেক্ট্রনিক্স এর ২০,০০০ টাকা প্রকৃত জাবেদায় এবং অবশিষ্ট টাকা বিশেষ জাবেদায় লিখল।

৮. আরেং ইলেক্ট্রনিক্স এর বিশেষ জাবেদা কোনটি?
ক. বিক্রয় জাবেদা
খ. ক্রয় জাবেদা
গ. নগদ প্রদান জাবেদা
ঘ. আন্তঃফেরত জাবেদা

৯. অপূর্ব ট্রেডার্স সাধারণ খতিয়ানে কত টাকা লিখবে?
ক. ২০,০০০ টাকা
খ. ২৫,০০০ টাকা
গ. ৮০,০০০ টাকা
ঘ. ১,০০,০০০ টাকা

১০. লেনদেনটির ফলে আরেং ইলেক্ট্রনিক্স-এর বৃদ্ধি পাবে-
i সম্পদ ২০,০০০ টাকা
ii মালিকানা স্বত্ব ৮০,০০০ টাকা
iii দায় ১,০০,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১১. কোন ব্যয়টি প্রকৃতিগতভাবে ভিন্ন?
ক. রপ্তানি শুল্ক
খ. বিমা সেলামি
গ. সংস্থাপন ব্যয়
ঘ. ব্যাংক চার্জ

১২. প্রত্যক্ষ শ্রম ও কারখানা উপরিব্যয়ের সমষ্টিকে কী বলা হয়?
ক. রূপান্তর ব্যয়
খ. উৎপাদন ব্যয়
গ. কারখানা ব্যয়
ঘ. মোট ব্যয়

১৩. ব্যবসায়ে ব্যবহারের জন্য ঘড়ি ও ক্যালকুলেটর ক্রয় করলে কোন হিসাবে লিপিবদ্ধ হবে?
ক. অফিস সরঞ্জাম
খ. অফিস সাপ্লাইজ
গ. স্টেশনারি
ঘ. সাজসজ্জা

১৪. নিচের কোনটির জন্য IASC এর স্বীকৃত ছক নেই?
ক. জাবেদা
খ. খতিয়ান
গ. রেওয়ামিল
ঘ. আর্থিক বিবরণী

১৫. পরোক্ষ কাঁচামাল বলতে কোনটিকে বুঝায়?
ক. টেবিল তৈরিতে শিরিষ কাগজ ক্রয়
খ. শার্ট তৈরিতে কাপড় ক্রয়
গ. ব্যাগ প্রস্তুতের জন্য চামড়া ক্রয়
ঘ. ইট তৈরির জন্য মাটি ক্রয়

**উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাওঃ**
করতোয়া ট্রেডার্স কিছু পণ্যের পরিমাণ, দর, মূল্য ইত্যাদি একটি কাগজে লিখে তা পণ্যের সাথে সুরমা এন্টারপ্রাইজের নিকট পাঠালো এবং সুরমা এন্টারপ্রাইজ তার হিসাব থেকে এগুলোর মূল্য বাদ দিল।

১৬. করতোয়া ট্রেডার্স এর সংশ্লিষ্ট লেনদেন কোনটি?
ক. ধারে পণ্য ক্রয়
খ. নগদে পণ্য ক্রয়
গ. ক্রয়কৃত পণ্য ফেরত
ঘ. আন্তঃফেরত

১৭. উদ্দীপকের লেনদেনের সাথে সুরমা এন্টারপ্রাইজের সংশ্লিষ্ট হিসাবখাত হলো-
i আন্তঃফেরত
ii প্রাপ্য হিসাব
iii বিক্রয়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১৮. সোনালী ব্যাংক পিএলসি 'রূপালী এন্টারপ্রাইজের' হিসাব তথ্যের ব্যবহারকারী হবে, যদি সোনালী ব্যাংক রূপালী এন্টারপ্রাইজের-
i হিসাব পরিচালনা করে
ii অংশীদার হয়
iii ঋণ প্রদান করে
নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১৯. 'পারিবারিক তহবিল' আর্থিক অবস্থার বিবরণীতে নিচের কোন হিসেবে প্রদর্শিত হয়?
ক. আয়
খ. ব্যয়
গ. সম্পদ
ঘ. দায়

২০. মোট লেনদেনের সংখ্যা ও টাকার পরিমাণ কোনটি থেকে জানা যায়?
ক. জাবেদা
খ. খতিয়ান
গ. নগদান বই
ঘ. রেওয়ামিল

২১. দুতরফা দাখিলা পদ্ধতিকে বিজ্ঞানসম্মত পদ্ধতি বলার কারণ-
ক. এই পদ্ধতিতে সুনির্দিষ্ট ছক ব্যবহার করা হয়
খ. এটি বিশ্বে সর্বজনস্বীকৃত হিসাবপদ্ধতি
গ. ব্যবসায়ের সর্বোচ্চ মুনাফা অর্জনে এটি সহায়ক
ঘ. এর সাহায্যে সঠিক আর্থিক অবস্থা নির্ণয় করা যায়

ঝুমকা ট্রেডার্সের মাসিক দোকান ভাড়া ৫,০০০ টাকা। ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিলে ভাড়া ৮০,০০০ টাকা কিন্তু হিসাবরক্ষক ব্যয় হিসাবে ৬০,০০০ টাকা দেখালেন।

২২. ঝুমকা ট্রেডার্সের হিসাবরক্ষক হিসাববিজ্ঞানের কোন নীতি অনুসরণ করেছেন?
ক. বস্তুনিষ্ঠতা ধারণা
খ. বকেয়া ধারণা
গ. হিসাবকাল ধারণা
ঘ. চলমান প্রতিষ্ঠান ধারণা

২৩. কোনটি ব্যতীত ব্যবসায় প্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হয়?
ক. নগদ অর্থের ব্যবস্থাপনা
খ. ব্যাংক ব্যালেন্স বৃদ্ধি
গ. স্থায়ী সম্পদ ক্রয়
ঘ. অধিক মূলধনের যোগান

**উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব প্রদীপ তাঁর ব্যবসায় নগদ ও চেকের লেনদেন একই হিসাবের বইতে লিপিবদ্ধ করেন। ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তাঁর বইতে ব্যাংক উদ্বৃত্ত ছিলো ৫০,০০০ টাকা কিন্তু একই তারিখে ব্যাংক বিবরণীতে ব্যাংক জমা ৫৫,০০০ টাকা ছিলো।

২৪. জনাব প্রদীপের সংরক্ষিত হিসাবের বই কোনটি?
ক. নগদ প্রাপ্তি জাবেদা
খ. একঘরা নগদান বই
গ. দু'ঘরা নগদান বই
ঘ. খুচরা নগদান বই

২৫. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক জমার পার্থক্যের কারণ হলো-
i ব্যাংক সুদ ৫,০০০ টাকা
ii প্রত্যাখ্যাত চেক ৫,০০০ টাকা
iii অপরিশোধিত চেক ৫,০০০ টাকা

নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

২৬. প্রদেয় হিসাবের ডেবিট পার্শ্ব কোন লেনদেন দ্বারা প্রভাবিত হয়?
ক. পাওনা আদায়
খ. বাট্টা প্রদান
গ. দেনা পরিশোধ
ঘ. বিলে স্বীকৃতি প্রাপ্তি

২৭. মেশিনে 'নতুন যন্ত্রাংশ সংযোজন' কোন ধরনের ব্যয়?
ক. মূলধন জাতীয়
খ. মুনাফা জাতীয়
গ. উপরি ব্যয়
ঘ. কারখানা ব্যয়

২৮. ব্যবসায়ের পরিচালন আয় কোনটি?
ক. প্রাপ্ত বাড়িভাড়া
খ. শিক্ষানবিশ সেলামি
গ. ব্যাংক জমার সুদ
ঘ. পণ্য বিক্রয়লব্ধ অর্থ

২৯. ফার্মেসি ব্যবসায়ের জন্য চেয়ার ও টেবিল ক্রয় করে তা ক্রয় হিসাবে ডেবিট করলে কোন ধরনের ভুল হবে?
ক. নীতিগত ভুল
খ. পরিপূরক ভুল
গ. লেখার ভুল
ঘ. বে-দাখিলার ভুল

৩০. নিচের কোনটি থেকে মোট ক্রয় ও বিক্রয়ের পরিমাণ সম্পর্কে সহজে জানা যায়?
ক. প্রকৃত জাবেদা
খ. খতিয়ান
গ. বিশেষ জাবেদা
ঘ. নগদান বই

**পরিশিষ্ট: 'ঙ'**

## বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ

## বিষয় : হিসাববিজ্ঞান বিষয় কোড : ১৪৬

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. কোনটি বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়?

ক. জমি ক্রয়ের রেজিস্ট্রেশন ব্যয়

খ. নতুন পণ্যের গবেষণা ব্যয়

গ. যন্ত্রপাতির ক্রয় পরিবহন খরচ

ঘ. পুরাতন আসবাব পত্র ক্রয়

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

২. পাওনাদারদের প্রকৃত দাবির সাথে 'প্রদেয় হিসাব' এর উদ্বৃত্ত সমান না হলে, ভুল থাকতে পারে-

i. ক্রয় জাবেদায়
ii. নগদ প্রদান জাবেদায়
iii. নগদান বইতে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাওঃ**

দক্ষ পিজা প্রস্তুতকারক মাসুদ ও শবনম জানুয়ারি মাসে স্ব স্ব কারখানায় একই মূল্যের সমানসংখ্যক পিজা তৈরি করেন। পিজা তৈরিতে প্রত্যেকের মুখ্য ব্যয় ১,০০,০০০ টাকা হলেও শবনমের উৎপাদন ব্যয় ৫,০০০ টাকা বেশি হয়। মাসুদের উৎপাদন ব্যয় ১,৫০,০০০ টাকা কিন্তু তাঁর তুলনায় শবনমের মুনাফা ১৫,০০০ টাকা বেশি হয়।

৩. শবনমের কারখানা উপরিব্যয় কত টাকা?

ক. ৫৫,০০০ টাকা
খ. ১,০৫,০০০ টাকা
গ. ১,৫৫,০০০ টাকা
ঘ. ২,৫৫,০০০ টাকা

৪. মাসুদ ও শবনমের ব্যবসায়ের মধ্যে তুলনামূলকভাবে-

i. শবনমের কারখানা ভাড়া বেশি
ii. মাসুদের পরিচালন ব্যয় অধিক
iii. শবনমের প্রত্যক্ষ মজুরি অধিক

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮

তারিখ ঃ ০৮ অগ্রহায়ণ ১৪১৬ / ২২ নভেম্বর ২০০৯

## পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে ঃ

(ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।
(খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
(গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
(ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
(ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
(ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
(জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না
(ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রনয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

(খন্দকার রাকিবুর রহমান)
যুগ্ম-সচিব(মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়।

**বিতরণ ঃ**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [ জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারিটেনডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

**পরিশিষ্ট: 'ছ'**

## ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন

### বিষয় : হিসাববিজ্ঞান বিষয় কোড : ১৪৬

১. কোনটি নির্ণয়ে ধারে পণ্য ক্রয়কে হিসাবভুক্ত করতে হবে?
   ক. নিট ক্রয়ের পরিমাণ
   খ. বিক্রয়কৃত পণ্যের ব্যয়
   গ. মোট মুনাফা
   ঘ. অপরিচালন ব্যয়

২. দুতরফা দাখিলা পদ্ধতির মূলনীতি কোনটি?
   ক. সার্বজনীন স্বীকৃতি
   খ. আর্থিক অবস্থা নিরূপণ
   গ. দেনা-পাওনা নির্ণয়
   ঘ. উপরের কোনটি সঠিক নয়

৩. ব্যবসায়ের বেতন প্রদান ১৫,০০০ টাকা যার মধ্যে ৪,০০০ টাকা বিগত বছরের এবং ১,০০০ টাকা পরবর্তী বছরের। এক্ষেত্রে মুনাফা জাতীয় ব্যয় কত?
   ক. ৫,০০০ টাকা
   খ. ১১,০০০ টাকা
   গ. ১৪,০০০ টাকা
   ঘ. ১০,০০০ টাকা

৪. ব্যবসায়ী জনাব মতি একজন বিক্রেতাকে বিলম্বে অর্থ পরিশোধের উদ্দেশ্যে ব্যাংক হিসাবে টাকা না থাকা সত্ত্বেও দাগকাটা চেক প্রদান করেন। পরবর্তীতে চেকটি প্রত্যাখ্যাত হয়।

   উদ্দীপকের ২য় ঘটনাটি জনাব মতির কোন হিসাবকে প্রভাবিত করে?
   ক. প্রাপ্য হিসাব
   খ. প্রদেয় হিসাব
   গ. বিক্রয়
   ঘ. অনাদায়ী পাওনা

৫. কোনটি মুনাফা বৃদ্ধি করে?
   ক. বিক্রয় ফেরত
   খ. সঞ্চয়পত্রে বিনিয়োগ হতে প্রাপ্ত সুদ
   গ. কমিশন
   ঘ. মূলধনের সুদ

৬. রেওয়ামিল প্রস্তুতের উদ্দেশ্য হলো-
   i শুদ্ধতা যাচাইয়ের
   ii. সংক্ষিপ্তকরণের
   iii. ফলাফল নির্ণয়ের

নিচের কোনটি সঠিক?
   ক. i ও ii
   খ. i ও iii
   গ. ii ও iii
   ঘ. i, ii ও iii

৭. মালিক কর্তৃক পণ্য উত্তোলন করলে ক্রেডিট হবে-
   ক. উত্তোলন হিসাব
   খ. ক্রয় হিসাব
   গ. মজুদপণ্য হিসাব
   ঘ. মূলধন হিসাব

৮. কোন লেনদেনের ফলে A=L+OE এর শুধু A উপাদানের পরিবর্তন হয়?
   ক. নগদে পণ্য ক্রয়
   খ. বাকিতে পণ্য ক্রয়
   গ. ব্যাংক জমা
   ঘ. ব্যাংক ঋণ

৯. মুনাফা জাতীয় কোন ব্যয়টি মালিকানা স্বত্বকে হ্রাস করে?
   ক. অবচয়
   খ. মেশিন ক্রয়
   গ. সংস্থাপন ব্যয়
   ঘ. শেয়ার ক্রয়

১০. কোনটি নগদে পাওয়া যায় না?
   ক. কমিশন
   খ. সুদ
   গ. বাট্টা
   ঘ. উপভাড়া

১১. মি. শাওন ১০% বাট্টায় ১,০০,০০০ টাকার পণ্য মি. গৌতমের নিকট বিক্রয় করলেন কিন্তু তিনি ২০ দিন পর টাকা পাবেন। এজন্য তিনি কোন দলিলটি প্রস্তুত করবেন?
   ক. চালান
   খ. ক্যাশমেমো
   গ. ডেবিট ভাউচার
   ঘ. ডেবিট নোট

১২. কোনটি নগদ লেনদেন নয়?
   ক. প্রদত্ত বাট্টা
   খ. প্রদত্ত কমিশন
   গ. শিক্ষানবিশ ভাতা
   ঘ. বিমা প্রিমিয়াম

১৩. তহবিলের গরমিল চিহ্নিত করার জন্য নগদান বইয়ের উদ্বৃত্তের সাথে কোনটির তুলনা করা হয়?
- ক. ব্যাংক উদ্বৃত্তের
- খ. প্রকৃত হাতে নগদের
- গ. নগদান হিসাবের জেরের
- ঘ. প্রারম্ভিক নগদ তহবিলের

১৪. বিক্রয় বৃদ্ধির উদ্দেশ্যে রাতুল ক্লথ স্টোরের মালিক কর্তৃক দোকানের সাজসজ্জা বৃদ্ধির খরচ কোন ধরনের ব্যয়?
- ক. মুনাফা জাতীয়
- খ. মূলধন জাতীয়
- গ. নিয়মিত
- ঘ. আবর্তক

১৫. নিচের কোনটি সম্পদ হিসাব?
- ক. ব্যাংক
- খ. সুনাম
- গ. সাপ্লাইজ
- ঘ. উপরের সবগুলো সঠিক

১৬. বিজ্ঞাপন খরচের আংশিক বিলম্বিত করায় ব্যবসায়ের বৃদ্ধি পায়-
- i. মুনাফা
- ii. ক্ষতি
- iii. সম্পদ

নিচের কোনটি সঠিক?
- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

১৭. নবীন ইলেকট্রনিক্স উন্নতমানের ফ্রিজ তৈরি ও বিক্রয় করে। এসব ফ্রিজের সার্ভিসিং খরচকে কোন খাতে লিপিবদ্ধ করবে?
- ক. প্রশাসনিক খরচ
- খ. উৎপাদন ব্যয়
- গ. বিক্রয় খরচ
- ঘ. বিক্রয় পরিবহন

**পরিশিষ্ট: 'জ'**

# ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ

## বিষয় : হিসাববিজ্ঞান বিষয় কোড : ১৪৬

| ত্রুটিযুক্ত রূপ | ত্রুটিমুক্ত রূপ |
|---|---|
| **উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।** | |
| ১. তহবিলের গরমিল চিহ্নিত করার জন্য নগদান বইয়ের উদ্বৃত্তের সাথে কোনটির তুলনা করা হয়?<br>ক. ব্যাংক উদ্বৃত্তের<br>খ. প্রকৃত হাতে নগদের<br>গ. নগদান হিসাবের জেরের<br>ঘ. প্রারম্ভিক নগদ তহবিলের | ১. নগদ তহবিলের গরমিল চিহ্নিত করার জন্য নগদান বইয়ের উদ্বৃত্তের সাথে কোনটির তুলনা করা হয়?<br>ক. ব্যাংক উদ্বৃত্তের<br>খ. প্রকৃত হাতে নগদের<br>গ. নগদান হিসাবের জেরের<br>ঘ. প্রারম্ভিক নগদ তহবিলের |

| | |
|---|---|
| **উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।** | |
| ২. বিক্রয় বৃদ্ধির উদ্দেশ্যে রাতুল ক্লথ স্টোরের মালিক কর্তৃক দোকানের সাজসজ্জা বৃদ্ধির জন্য খরচ কোন ধরনের ব্যয়?<br>ক. মুনাফা জাতীয়<br>খ. মূলধন জাতীয়<br>গ. নিয়মিত<br>ঘ. আবর্তক | ২. দোকানের সাজসজ্জা বাবদ খরচ কোন ধরনের ব্যয়?<br>ক. মুনাফা জাতীয়<br>খ. মূলধন জাতীয়<br>গ. নিয়মিত<br>ঘ. আবর্তক |

| | |
|---|---|
| **উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।** | |
| ৩. মি. শাওন ১০% বাট্টায় ১,০০,০০০ টাকার পণ্য মি. গৌতমের নিকট বিক্রয় করলেন কিন্তু তিনি ২০ দিন পর টাকা পাবেন। এজন্য তিনি কোন দলিলটি প্রস্তুত করবেন?<br>ক. চালান<br>খ. ক্যাশমেমো<br>গ. ডেবিট ভাউচার<br>ঘ. ডেবিট নোট | ৩. মি. শাওন ১০% বাট্টায় ১,০০,০০০ টাকার পণ্য মি. গৌতমের নিকট বিক্রয় করলেন। এজন্য তিনি কোন দলিলটি প্রস্তুত করবেন?<br>ক. চালান<br>খ. ক্যাশমেমো<br>গ. ডেবিট ভাউচার<br>ঘ. ডেবিট নোট |

| | |
|---|---|
| **উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভুক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুচ্ছে কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।** | |
| ৪. মালিক কর্তৃক পণ্য উত্তোলন করলে ক্রেডিট হবে-<br>ক. উত্তোলন হিসাব<br>খ. ক্রয় হিসাব<br>গ. মজুদপণ্য হিসাব<br>ঘ. মূলধন হিসাব | ৪. মালিক কর্তৃক পণ্য উত্তোলন করলে কোন হিসাবটি ক্রেডিট হবে?<br>ক. উত্তোলন<br>খ. ক্রয়<br>গ. মজুদপণ্য<br>ঘ. মূলধন |

| | |
|---|---|
| **উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে।** | |
| ৫. কোনটি নগদ লেনদেন নয়?<br>ক. প্রদত্ত বাট্টা<br>খ. প্রদত্ত কমিশন<br>গ. শিক্ষানবিশ ভাতা<br>ঘ. বিমা প্রিমিয়াম | ৫. কোনটি অনগদ লেনদেন?<br>ক. প্রদত্ত বাট্টা<br>খ. প্রদত্ত কমিশন<br>গ. শিক্ষানবিশ ভাতা<br>ঘ. বিমা প্রিমিয়াম |

| **না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।** | |
|---|---|
| ৬. কোনটি নগদে পাওয়া যায় না?<br>ক. কমিশন<br>খ. সুদ<br>গ. বাট্টা<br>ঘ. উপভাড়া | ৬. কোনটি নগদে পাওয়া যায় **না**?<br>ক. কমিশন<br>খ. সুদ<br>গ. বাট্টা<br>ঘ. উপভাড়া |

| **উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।** | |
|---|---|
| ৭. মুনাফা জাতীয় কোন ব্যয়টি মালিকানা স্বত্বকে হ্রাস করে?<br>ক. অবচয়<br>খ. মেশিন ক্রয়<br>গ. সংস্থাপন ব্যয়<br>ঘ. শেয়ার ক্রয় | ৭. কোন ব্যয়টি মালিকানা স্বত্বকে হ্রাস করে?<br>ক. অবচয়<br>খ. মেশিন ক্রয়<br>গ. সংস্থাপন ব্যয়<br>ঘ. শেয়ার ক্রয় |

| **নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।** | |
|---|---|
| ৮. ব্যবসায়ী জনাব মতি একজন বিক্রেতাকে বিলম্বে অর্থ পরিশোধের উদ্দেশ্যে ব্যাংক হিসাবে টাকা না থাকা সত্ত্বেও দাগকাটা চেক প্রদান করেন। পরবর্তীতে চেকটি প্রত্যাখ্যাত হয়।<br>উদ্দীপকের ২য় ঘটনাটি জনাব মতির কোন হিসাবকে প্রভাবিত করে?<br>ক. দেনাদার<br>খ. বিক্রয়<br>গ. পাওনাদার<br>ঘ. অনাদায়ী পাওনা | ৮. ব্যবসায়ী জনাব মতি একজন বিক্রেতাকে নিরাপদে অর্থ পরিশোধের উদ্দেশ্যে দাগকাটা চেক প্রদান করেন। কিন্তু ব্যাংক হিসাবে পর্যাপ্ত অর্থ না থাকায় চেকখানি প্রত্যাখ্যাত হয়।<br>উদ্দীপকের ২য় ঘটনাটি জনাব মতির কোন হিসাবকে প্রভাবিত করে?<br>ক. দেনাদার<br>খ. বিক্রয়<br>গ. পাওনাদার<br>ঘ. অনাদায়ী পাওনা |

| **বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যাকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।** | |
|---|---|
| ৯. কোন লেনদেনের ফলে A=L+OE এর শুধু A উপাদানের পরিবর্তন হয়?<br>ক. নগদে পণ্য ক্রয়<br>খ. বাকিতে পণ্য ক্রয়<br>গ. ব্যাংক জমা<br>ঘ. ব্যাংক ঋণ | ৯. কোন লেনদেনের ফলে A=L+ OE এর শুধু A উপাদানের পরিবর্তন হয়?<br>ক. নগদে পণ্য ক্রয়<br>খ. চেকে পণ্য ক্রয়<br>গ. ব্যাংকে জমাদান<br>ঘ. ব্যাংক হতে ঋণ গ্রহণ |

| **বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।** | |
|---|---|
| ১০. রেওয়ামিল প্রস্তুতের উদ্দেশ্য হলো-<br>i শুদ্ধতা যাচাইয়ের<br>ii. সংক্ষিপ্তকরণের<br>iii. ফলাফল নির্ণয়ের<br>নিচের কোনটি সঠিক?<br>ক. i ও ii<br>খ. i ও iii<br>গ. ii ও iii<br>ঘ. i, ii ও iii | ১০. রেওয়ামিল প্রস্তুতের উদ্দেশ্য হলো-<br>i হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা<br>ii. লেনদেনকে সংক্ষিপ্তকরণ<br>iii. হিসাবের ফলাফল নির্ণয়<br>নিচের কোনটি সঠিক?<br>ক. i ও ii<br>খ. i ও iii<br>গ. ii ও iii<br>ঘ. i, ii ও iii |

<table>
<tr><th colspan="2">পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।</th></tr>
<tr><td>১১. নবীন ইলেকট্রনিক্স উন্নতমানের ফ্রিজ তৈরি ও বিক্রয় করে। এসব ফ্রিজের সার্ভিসিং খরচকে কোন খাতে লিপিবদ্ধ করবে?<br>ক. প্রশাসনিক খরচ<br>খ. উৎপাদন ব্যয়<br>গ. বিক্রয় খরচ<br>ঘ. বিক্রয় পরিবহন</td><td>১১. নবীন ইলেকট্রনিক্স উন্নতমানের ফ্রিজ তৈরি ও বিক্রয় করে। এসব ফ্রিজের সার্ভিসিং খরচকে কোন খাতে লিপিবদ্ধ করবে?<br>ক. প্রশাসনিক খরচ<br>খ. উৎপাদন ব্যয়<br>গ. বিক্রয় খরচ<br>ঘ. মেরামত খরচ</td></tr>
</table>

<table>
<tr><th colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাবাচক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।</th></tr>
<tr><td>১২. ব্যবসায়ের বেতন প্রদান ১৫,০০০ টাকা যার মধ্যে ৪,০০০ টাকা বিগত বছরের এবং ১,০০০ টাকা পরবর্তী বছরের। এক্ষেত্রে মুনাফা জাতীয় ব্যয় কত?<br>ক. ৫,০০০ টাকা<br>খ. ১১,০০০ টাকা<br>গ. ১৪,০০০ টাকা<br>ঘ. ১০,০০০ টাকা</td><td>১২. ব্যবসায়ের বেতন প্রদান ১৫,০০০ টাকা যার মধ্যে ৪,০০০ টাকা বিগত বছরের এবং ১,০০০ টাকা পরবর্তী বছরের। এক্ষেত্রে মুনাফা জাতীয় ব্যয় কত?<br>ক. ৫,০০০ টাকা<br>খ. ১০,০০০ টাকা<br>গ. ১১,০০০ টাকা<br>ঘ. ১৪,০০০ টাকা</td></tr>
</table>

<table>
<tr><th colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্যে প্রায় সমান হতে হবে।</th></tr>
<tr><td>১৩. কোনটি মুনাফা বৃদ্ধি করে?<br>ক. বিক্রয় ফেরত<br>খ. সঞ্চয়পত্রে বিনিয়োগ হতে প্রাপ্ত সুদ<br>গ. কমিশন<br>ঘ. মূলধনের সুদ</td><td>১৩. কোনটি মুনাফা বৃদ্ধি করে?<br>ক. বিক্রয় ফেরত<br>খ. প্রাপ্ত সুদ<br>গ. কমিশন<br>ঘ. মূলধনের সুদ</td></tr>
</table>

<table>
<tr><th colspan="2">বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।</th></tr>
<tr><td>১৪. কোনটি নির্ণয়ে ধারে পণ্য ক্রয়কে হিসাবভুক্ত করতে হবে?<br>ক. নিট ক্রয়ের পরিমাণ<br>খ. বিক্রয়কৃত পণ্যের ব্যয়<br>গ. মোট মুনাফা<br>ঘ. অপরিচালন ব্যয়</td><td>১৪. কোনটি নির্ণয়ে ধারে পণ্য ক্রয়কে হিসাবভুক্ত করতে হবে?<br>ক. নিট সম্পদ<br>খ. বিক্রয়কৃত পণ্যের ব্যয়<br>গ. দীর্ঘমেয়াদি দায়<br>ঘ. অপরিচালন ব্যয়</td></tr>
</table>

<table>
<tr><th colspan="2">বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।</th></tr>
<tr><td>১৫. বিজ্ঞাপন খরচের আংশিক বিলম্বিত করায় ব্যবসায়ের বৃদ্ধি পায়-<br>i. মুনাফা<br>ii. ক্ষতি<br>iii. সম্পদ<br>নিচের কোনটি সঠিক?<br>ক. i ও ii<br>খ. i ও iii<br>গ. ii ও iii<br>ঘ. i, ii ও iii</td><td>১৫. বিজ্ঞাপন খরচের আংশিক বিলম্বিত করায় ব্যবসায়ের বৃদ্ধি পায়-<br>i. মুনাফা<br>ii. মালিকানা স্বত্ব<br>iii. সম্পদ<br>নিচের কোনটি সঠিক?<br>ক. i ও ii<br>খ. i ও iii<br>গ. ii ও iii<br>ঘ. i, ii ও iii</td></tr>
</table>

| বিকল্প উত্তরে 'উপরের সবগুলো সঠিক'-এমন বাক্য পরিহার করতে হবে। | |
|---|---|
| ১৬. নিচের কোনটি সম্পদ হিসাব?<br>ক. ব্যাংক<br>খ. সুনাম<br>গ. সাপ্লাইজ<br>ঘ. উপরের সবগুলো সঠিক | ১৬. নিচের কোনটি সম্পদ হিসাব?<br>ক. ব্যাংক<br>খ. মনিহারি<br>গ. মূলধন<br>ঘ. উপভাড়া |

| বিকল্প উত্তরে 'উপরের কোনটিই সঠিক নয়'-এমন বাক্য পরিহার করতে হবে। | |
|---|---|
| ১৭. দুতরফা দাখিলা পদ্ধতির মূলনীতি কোনটি?<br>ক. সার্বজনীন স্বীকৃতি<br>খ. আর্থিক অবস্থা নিরূপণ<br>গ. দেনা-পাওনা নির্ণয়<br>ঘ. উপরের কোনোটি সঠিক নয় | ১৭. দুতরফা দাখিলা পদ্ধতির মূলনীতি কোনটি?<br>ক. সার্বজনীন স্বীকৃতি<br>খ. আর্থিক অবস্থা নিরূপণ<br>গ. দেনা-পাওনা নির্ণয়<br>ঘ. ডেবিট ও ক্রেডিট |

পরিশিষ্ট: ঝ

# বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক

## ......................... শিক্ষাবোর্ড

এসএসসি ২০...  খ্রিস্টাব্দ

**বিষয় : হিসাববিজ্ঞান          বিষয় কোড : ১৪৬**

| চিন্তন দক্ষতার স্তর | অধ্যায় | | | | | | | | | | | | মোট প্রশ্ন সংখ্যা | % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ | | |
| উচ্চতর দক্ষতা | | | | | | | | | | | | | | |
| প্রয়োগ দক্ষতা | | | | | | | | | | | | | | |
| অনুধাবন দক্ষতা | | | | | | | | | | | | | | |
| জ্ঞান দক্ষতা | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | ৩০ | |

পরিশিষ্ট: ‘ঞ’

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড----------

পরীক্ষার নাম------------- ২০--- খ্রিস্টাব্দ

**বিষয় : হিসাববিজ্ঞান বিষয় কোড : ১৪৬**

**বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক**

| এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key |
|---|---|
| ১ | |
| ২ | |
| ৩ | |
| ৪ | |
| ৫ | |
| ৬ | |
| ৭ | |
| ৮ | |
| ৯ | |
| ১০ | |
| ১১ | |
| ১২ | |
| ১৩ | |
| ১৪ | |
| ১৫ | |

| এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key |
|---|---|
| ১৬ | |
| ১৭ | |
| ১৮ | |
| ১৯ | |
| ২০ | |
| ২১ | |
| ২২ | |
| ২৩ | |
| ২৪ | |
| ২৫ | |
| ২৬ | |
| ২৭ | |
| ২৮ | |
| ২৯ | |
| ৩০ | |

## সৃজনশীল প্রশ্নের উদাহরণ

বিষয় : হিসাববিজ্ঞান বিষয় কোড : ১৪৬

১. জনাব মারুফ নগদ ৫,২০,০০০ টাকা ও ৪,৫০,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ১ জানুয়ারি ২০২৫ তারিখে 'মারুফ টেলিকম' নামে একটি ব্যবসায় শুরু করেন। তাঁর ব্যবসায়ের অন্যান্য লেনদেন নিম্নরূপ :

| ২০২৫ | | |
|---|---|---|
| জানুয়ারি | : ৫ | নগদে মোবাইল সেট ক্রয় ৩,৮০,০০০ টাকা। ব্যাবসায়িক বাট্টা ৫% |
| ,, | : ৮ | অফিসের জন্য চেয়ার টেবিল ক্রয় ১,২৫,০০০ টাকা |
| ,, | : ১১ | শফি এন্ড ব্রাদার্সের নিকট চেকে মোবাইল সেট বিক্রয় ৪,১৫,০০০ টাকা |
| ,, | : ১৫ | অফিসের জন্য চেকে স্ট্যাপলার ও পেপার ওয়েট ক্রয় ২,৫০০ টাকা |
| ,, | : ২০ | ব্যবসায়ের জন্য কম্পিউটার ক্রয় করে ২০,০০০ টাকার চেক প্রদান |
| ,, | : ২৭ | কমিশন প্রাপ্তি ২০,০০০ টাকা |

ক. মারুফ টেলিকমের মোট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত প্রদান সংক্রান্ত লেনদেনগুলো মারুফ টেলিকমের সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর ভিত্তিতে মারুফ টেলিকমের নগদান হিসাব ও ব্যাংক হিসাব প্রস্তুত করো। ৪

২।

ভাউচার নং : ০৪ জননী এন্টারপ্রাইজ তারিখ : ২০ আগস্ট,২০২৫

৭০, চকবাজার, ঢাকা

**ক্যাশমেমো**

ক্রেতার নাম : রূপা ট্রেডার্স

ক্রেতার ঠিকানা : ৫৪২/১, মহাখালী, ঢাকা।

| ক্র. নং | পণ্যের বিবরণ | দর(টাকা) | পরিমাণ | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ক্রাউন্ট সিমেন্ট<br>বাদ:ব্যাবসায়িক বাট্টা | ৫৫০ | ২০০ ব্যাগ | ১,১০,০০০<br>(১১,০০০)<br>৯৯,০০০ |

টাকা (কথায়): নিরানব্বই হাজার মাত্র।

ক্রেতার স্বাক্ষর বিক্রেতার স্বাক্ষর

বি. দ্র. বিক্রীত পণ্য ফেরত নেওয়া হয় না।

ক. উপর্যুক্ত তথ্য হতে বিক্রয় হিসাব প্রস্তুত করো। ২

খ. ক্যাশমেমো সংশ্লিষ্ট পক্ষের বিশেষ জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উদ্দীপকের আলোকে ক্রেতার সংশ্লিষ্ট খতিয়ান প্রস্তুত করো। ৪

৩. বাবু বাজার, ঢাকা এর মানিক এন্টারপ্রাইজের জুলাই মাসের কয়েকটি লেনদেন নিম্নরূপ :

২০২৫

জুলাই ৪ প্রান্ত এন্টারপ্রাইজ, সাভার এর নিকট প্রতি কেজি ১২০ টাকা দরে ৭৫০ কেজি ছোলা বিক্রয় ব্যাবসায়িক বাট্টা ৫%। চালান নম্বর ৫২০। শর্ত : ২/৭, নিট ১৫, বহন খরচ ৮০০ টাকা।

,, ১৬ বাতেন এন্ড সন্স, গাজীপুর এর নিকট প্রতি বস্তা ৩,৯০০ টাকা দরে ৫০ বস্তা চাল বিক্রয় কারবারি বাট্টা ৩%। চালান নম্বর ৫৩০। শর্ত : ২/১০, নিট ২০, বিমা খরচ ৫০০ টাকা।

,, ২৫ ৫০ কেজি ছোলা ও ৫ বস্তা চাল নিম্নমানের হওয়ায় ফেরত আসল। ক্রেডিট নোট নম্বর যথাক্রমে ০৫ ও ০৭

ক. মানিক এন্টারপ্রাইজের ফেরত সংক্রান্ত বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো অবলম্বনে বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

গ. জুলাই ৪ ও ১৬ তারিখের লেনদেনগুলো হতে মানিক এন্টারপ্রাইজের সহকারী খতিয়ান প্রস্তুত করো। ৪

৪. ১লা জানুয়ারি ২০২৫ তারিখে নিপুণ বিউটি পার্লারের স্বত্বাধিকারী বিউটিশিয়ান শামিমার পরিবারের মোট স্থায়ী সম্পদ ৪০,০০,০০০ টাকা, ব্যাংক ঋণ ২,৫০,০০০ টাকা ও হাতে নগদ ২৫,০০০ টাকা।

শামিমার পরিবারের
প্রাপ্তি ও প্রদান হিসাব
২০২৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

ডেবিট ক্রেডিট

| প্রাপ্তিসমূহ | টাকা | পরিশোধসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১-১-২০২৫) | ২৫,০০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ২,০০,০০০ |
| পার্লার হতে আয় | ৯,৪০,০০০ | এয়ার কুলার ক্রয় | ১,০০,০০০ |
| বিনিয়োগের সুদ | ৬০,০০০ | ছেলের স্কুলের বেতন | ৬০,০০০ |
| | | কাঁচা বাজার খরচ | ৫০,০০০ |
| | | ডাকঘর সঞ্চয়পত্র ক্রয় | ২,০০,০০০ |
| | | বই, খাতা ক্রয় | ১০,০০০ |
| | | ড্রাইভারের বেতন | ১,২০,০০০ |
| | | ব্যাংক ঋণ পরিশোধ | ২,০০,০০০ |
| | | শেয়ার ক্রয় | ৫০,০০০ |
| | | হাতে নগদ (৩১-১২-২০২৫) | ৩৫,০০০ |
| | ১০,২৫,০০০ | | ১০,২৫,০০০ |

ক. বিউটিশিয়ান শামিমার পরিবারের চলতি বছরের মোট বিনিয়োগের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্য হতে শামিমার পরিবারের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. শামিমার পরিবারের ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের আয় উদ্বৃত্ত ৫,৬০,০০০ টাকা বিবেচনায় এনে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৫. তৈরি পোশাক ক্রয়-বিক্রয়কারী রিহান ব্রাদার্সের ২০২৫ সালের জানুয়ারি মাসের লেনদেনগুলি নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | নগদ উদ্বৃত্ত ৮০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ৪০,০০০ টাকা |
| ,, | ২ | এটিএম (ATM) কার্ডে থ্রি পিস বিক্রয় ৫০,০০০ টাকা |
| ,, | ৪ | অগ্রিম দোকান ভাড়া প্রদান ২০,০০০ টাকা |
| ,, | ৫ | ব্যাংক জমাতিরিক্তের অর্ধেক পরিশোধিত হলো |
| ,, | ৭ | মুক্তা ট্রেডার্সের নিকট হতে প্রাপ্তি ১৫,০০০ টাকা |
| ,, | ১০ | জীবন বিমা প্রিমিয়াম প্রদান নগদে ৫,০০০ টাকা ও চেকে ৭,৫০০ টাকা |
| ,, | ১৫ | শার্ট ও প্যান্ট ক্রয় ৩০,০০০ টাকা |
| ,, | ২০ | আলম ফ্যাশন হাউজকে ২০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১৯,৭০০ টাকা প্রদান |
| ,, | ২৫ | বিল-পে সেন্টারের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ ৪,০০০ টাকা |
| ,, | ৩০ | আয়কর চেকে প্রদত্ত হল ১০,০০০ টাকা |

ক. মাস শেষে মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জানুয়ারি ১৫ হতে ৩০ তারিখের লেনদেন অবলম্বনে নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো। ৪

গ. জানুয়ারি ১ হতে ১০ তারিখের লেনদেন অবলম্বনে দু'ঘরা নগদান বই প্রস্তুত করো। ৪

৬. নির্মল ফার্নিশার্স ১০০টি বেঞ্চ ৩১/০১/২০২৫ তারিখের মধ্যে তৈরি ও সরবরাহের জন্যে নিম্নোক্ত খরচগুলো ধার্য করে :

| | টাকা |
|---|---|
| কাঠ ক্রয় | ৮০,০০০ |
| ক্রয় পরিবহণ | ২,০০০ |
| পেরেক, রং ও সিরিষ কাগজ ক্রয় | ৮,৫০০ |
| মিস্ত্রির মজুরি | ২৫,০০০ |
| কারখানার ভাড়া | ৪,০০০ |
| আপ্যায়ন খরচ | ১,০০০ |
| যন্ত্রপাতির অবচয় | ৩,০০০ |
| অফিস খরচ | ১০,০০০ |
| কারখানার দারোয়ানের বেতন | ৬,০০০ |
| বেঞ্চের পরিবহণ খরচ | ২,৫০০০ |
| বিল আদায় খরচ দরপত্রে উল্লিখিত মূল্যের | ২% |
| অব্যবহৃত কাঠ | ৫,০০০ |
| চলতি কার্যের প্রারম্ভিক মজুদ | ৪,০০০ |
| চলতি কার্যের সমাপনী মজুদ | ৪,৫০০ |
| সমাপনী তৈরি বেঞ্চের মূল্য | ৬,০০০ |
| প্রতিটি বেঞ্চের দরপত্র মূল্য | ১,৫০০ |

ক. নির্মল ফানিশার্সের ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় করো। ২

খ. মুখ্যব্যয় ১,০২,০০০ টাকা ধরে উৎপাদিত বেঞ্চের ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. নির্মল ফার্নিশার্সের বিক্রীত বেঞ্চের ব্যয় ১,১৭,০০০ টাকা ধরে ২০২৫ সালের জানুয়ারি মাসের বিশদ আয় বিবরণী তৈরি করো। ৪

৭. মাহিন ট্রেডার্সের ২০২৫ সালের ৩১ডিসেম্বর তারিখে খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| | |
|---|---|
| মূলধন | ১,২০,০০০ |
| বিক্রয় | ১,৫০,০০০ |
| ক্রয় | ১,১৫,০০০ |
| নগদ তহবিল | ১৫,০০০ |
| বিমা প্রিমিয়াম (৩১-০৩-২০২৬ পর্যন্ত এক বছরের জন্য) | ৯,০০০ |
| অনুপার্জিত বাড়িভাড়া | ১৬,০০০ |
| পণ্যের গবেষণা ব্যয় (৫ বছরের জন্য) | ৮৫,০০০ |
| প্রাপ্য বিল | ৩৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ১৭,০০০ |
| প্রদত্ত ঋণ | ৩৯,০০০ |
| বিজ্ঞাপন (৩ বছরের জন্য) | ১৫,০০০ |
| বহিঃ ফেরত | ১০,০০০ |

ক. মাহিন ট্রেডার্সের বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০২৫ সালের ৩১ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে মাহিন ট্রেডার্সের মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ নির্ণয় করো। ৪

গ. মাহিন ট্রেডার্সের রেওয়ামিল প্রস্তুত করো। ৪

৮. সেবা ফার্মেসি এর ২০২৫ সালের লেনদেনগুলো নিম্নরূপ :

১. ঔষধ বিক্রয় ১০,০০,০০০ টাকা
২. সেবা সরঞ্জাম ক্রয় ১,০০,০০০ টাকা
৩. শেয়ার লভ্যাংশ (২০২৪ সালের ৮০০০ টাকাসহ) ১৭,০০০ টাকা
৪. ঔষধ কোম্পানি থেকে কমিশন প্রাপ্তি ৬০,০০০ টাকা যার ৪০% চলতি বছরের
৫. বিক্রিত ঔষধ ফেরত ৫০,০০০ টাকা
৬. দোকানে টেলিফোন সংযোগ ব্যয় ১০,০০০ টাকা
৭. ১,০০,০০০ টাকার ১০% সঞ্চয়পত্র ০১-০৭-২০২৫ তারিখে ভাঙ্গিয়ে দোকান সম্প্রসারণ করে
৮. ৫০,০০০ টাকার ১টি পুরাতন শেলফ ৫,০০০ টাকা অবচয় ধার্য্য করে, তা ৫২,০০০ টাকায় বিক্রয় করে।

ক. উপর্যুক্ত তথ্য হতে মূলধন জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. সেবা ফার্মেসির মোট মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নিরূপণ করো। ৪

গ. উদ্দীপকের আলোকে মূলধন জাতীয় ব্যয় ও মূলধন জাতীয় প্রাপ্তির মধ্যে পার্থক্য নির্ণয় করো। ৪

৯. বগুড়ার শর্মী ট্রেডিং রড সিমেন্ট ব্যবসায়ী। ২০২৫ সালের জুন মাসের ব্যবসায়ে সংঘটিত লেনদেনসমূহ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ২০২৫ | | |
| জুন | ১ | নগদ ৫০,০০০ টাকা, ব্যাংক জমা ১,০০,০০০ টাকা ও বিক্রয়যোগ্য রড, সিমেন্টসহ মোট ৫,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করেন। |
| ,, | ১০ | নওগাঁর 'মারিয়াম রিয়েল এস্টেট' এর নিকট প্রতি টন ৩০,০০০ টাকা দরে ২৫ টন রড নগদে বিক্রয় |
| ,, | ২০ | মালিকের ব্যক্তিগত অর্থে ব্যবসায়ের জন্য ডেলিভারি ভ্যান ক্রয় ১,০০,০০০ টাকা |
| ,, | ৩০ | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে কর্মচারীদের বেতন প্রদান ২,০০,০০০ টাকা |

ক. শর্মী ট্রেডিং এর প্রারম্ভিক মজুদ পণ্যের মূল্য নিরূপণ করো। ২

খ. ১০ জুন ২০২৫ তারিখের লেনদেন অবলম্বনে মারিয়াম রিয়েল এস্টেট এর জন্য যথাযথ ভাউচার প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো বিবরণী ছকে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

১০. মেসার্স মিলন এন্ড কোং এর ২০২৫ সালের জুলাই মাসের কয়েকটি লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ২০২৫ | | |
| জুলাই | ২ | ইছামতি ব্যাংকে ৮০,০০০ টাকা জমা দিয়ে চলতি হিসাব খোলা হলো। |
| ,, | ৫ | পণ্যের প্রচারের জন্য বিলবোর্ডের ভাড়া প্রদান ৫০,০০০ টাকা। |
| ,, | ৮ | পণ্য বিক্রয় করে বিলে স্বীকৃতি পাওয়া গেল ১,৫০,০০০ টাকা। |
| ,, | ১০ | মালিক পারিবারিক প্রয়োজনে ব্যবসায় হতে পণ্য নিলেন ১০,০০০ টাকা। |
| ,, | ১৫ | আলম ট্রেডিং আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হলো যার নিকট প্রতিষ্ঠানের পাওনা ছিল ৪০,০০০ টাকা। |
| ,, | ২০ | বাণিজ্য মেলায় দর্শনার্থীদের মধ্যে পণ্য বিতরণ ৩০,০০০ টাকা। |
| ,, | ২৫ | ব্যাংক কর্তৃক ১,৫০,০০০ টাকার বিল আদায়। |
| ,, | ৩১ | ব্যাংক চার্জ ধার্য করে ১,৫০০ টাকা। |

ক. মেসার্স মিলন এন্ড কোং এর মোট বিজ্ঞাপনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২ জুলাই হতে ১০ জুলাই তারিখের লেনদেনগুলোর সাথে সংশ্লিষ্ট হিসাবের শ্রেণিবিন্যাস করো। ৪

গ. ১৫ জুলাই হতে ৩১ জুলাই তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

**পরিশিষ্ট : 'ঠ'**

## সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

বিষয়: হিসাববিজ্ঞান          বিষয় কোড : ১৪৬

১. জনাব মারুফ নগদ ৫,২০,০০০ টাকা ও ৪,৫০,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ১ জানুয়ারি ২০২৫ তারিখে 'মারুফ টেলিকম' নামে একটি ব্যবসায় শুরু করেন। তাঁর ব্যবসায়ের অন্যান্য লেনদেন নিম্নরূপ :

| ২০২৫ | | |
|---|---|---|
| জানুয়ারি | : ৫ | নগদে মোবাইল সেট ক্রয় ৩,৮০,০০০ টাকা। ব্যাবসায়িক বাট্টা ৫% |
| ,, | : ৮ | অফিসের জন্য চেয়ার টেবিল ক্রয় ১,২৫,০০০ টাকা |
| ,, | : ১১ | শফি এন্ড ব্রাদার্সের নিকট চেকে মোবাইল সেট বিক্রয় ৪,১৫,০০০ টাকা |
| ,, | : ১৫ | অফিসের জন্য চেকে স্ট্যাপলার ও পেপার ওয়েট ক্রয় ২,৫০০ টাকা |
| ,, | : ২০ | ব্যবসায়ের জন্য কম্পিউটার ক্রয় করে ২০,০০০ টাকার চেক প্রদান |
| ,, | : ২৭ | কমিশন প্রাপ্তি ২০,০০০ টাকা |

ক. মারুফ টেলিকমের মোট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত প্রদান সংক্রান্ত লেনদেনগুলো মারুফ টেলিকমের সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর ভিত্তিতে মারুফ টেলিকমের নগদান হিসাব ও ব্যাংক হিসাব প্রস্তুত করো। ৪

### ১(ক) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

| প্রশ্ন নং | দক্ষতা | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ১(ক) | সহজ প্রয়োগ | ২ | ২ | জানুয়ারি ৮ ও ২০ তারিখের লেনদেন থেকে মোট স্থায়ী সম্পদ সঠিক ভাবে নির্ণয় করলে। |
| | | | ১ | যে কোনো ১টি আইটেম সঠিক ভাবে লিখলে। |
| | | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে। |

### নমুনা উত্তর

(ক) মোট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয়:

| ২০২৫ | | টাকা |
|---|---|---|
| জানুয়ারি: ৮, | চেয়ার টেবিল ক্রয় | ১,২৫,০০০ |
| জানুয়ারি: ২০, | কম্পিউটার ক্রয় | ২০,০০০ |
| | মোট = | ১,৪৫,০০০ |

### ১(খ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

| প্রশ্ন নং | দক্ষতা | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড/ বিবেচ্য বিষয় |
|---|---|---|---|---|
| ১(খ) | মধ্যম প্রয়োগ | ৪ | ৪ | জানুয়ারি ৫,৮,১৫ ও ২০ তারিখের লেনদেন দ্বারা সঠিকভাবে সাধারণ জাবেদা প্রস্তুত করলে। |
| | | | ৩ | যেকোনো ৩টি জাবেদা সঠিক ভাবে প্রস্তুত করলে। |
| | | | ২ | যেকোনো ২টি সঠিক জাবেদা প্রস্তুত করলে। |
| | | | ১ | অনন্ত ১টি জাবেদার সঠিক ভাবে প্রস্তুত করলে। |
| | | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে। |

## নমুনা উত্তর

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০২৫<br>জানুয়ারি, ৫ | ক্রয় হিসাব ডেবিট<br>নগদান হিসাব ক্রেডিট<br>(নগদে মোবাইল সেট ক্রয়) | | ৩,৬১,০০০ | ৩,৬১,০০০ |
| জানুয়ারি, ৮ | আসবাবপত্র হিসাব ডেবিট<br>নগদান হিসাব ক্রেডিট<br>(নগদে চেয়ার টেবিল ক্রয়) | | ১,২৫,০০০ | ১,২৫,০০০ |
| জানুয়ারি, ১৫ | অফিস সাপ্লাইজ হিসাব ডেবিট<br>ব্যাংক হিসাব ক্রেডিট<br>(চেকে স্ট্যাপলার ও পেপারওয়েট ক্রয়) | | ২,৫০০ | ২,৫০০ |
| জানুয়ারি, ২০ | অফিস সরঞ্জাম হিসাব ডেবিট<br>ব্যাংক হিসাব ক্রেডিট<br>(চেকে কম্পিউটার ক্রয়) | | ২০,০০০ | ২০,০০০ |
| | মোট | = | ৫,০৮,৫০০ | ৫,০৮,৫০০ |

**১(গ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্ন নং | দক্ষতা | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড/ বিবেচ্য বিষয় |
|---|---|---|---|---|
| ১(গ) | কঠিন প্রয়োগ | ৪ | ৪ | সঠিক ছক ও শিরোনামসহ জানুয়ারি ১, ৫, ৮ ও ২৭ তারিখের লেনদেন দ্বারা সঠিক নগদান হিসাব ও জানুয়ারি ১, ১১, ১৫ ও ২০ তারিখের লেনদেন দ্বারা সঠিক ব্যাংক হিসাব প্রস্তুত করলে। |
| | | | ৩ | একটি হিসাব সঠিক এবং অন্যটির যেকোনো ২টি লনদেনের সঠিক পোস্টিং সঠিক লিখলে। |
| | | | ২ | যেকোনো ১টি হিসাব সঠিক প্রস্তুত করলে<br>অথবা<br>২টি হিসাবের মোট ৪টি লেনদেনের (যেকোনো) সঠিক পোস্টিং লিখলে। |
| | | | ১ | ২টি হিসাবের মোট ২টি লেনদেনের (যেকোনো) সঠিক পোস্টিং লিখলে । |
| | | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে। |

## নমুনা উত্তর

মারুফ টেলিকম

নগদান হিসাব

হিসাবের কোড নং

| তারিখ | বিবরণ | জা: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের ডেবিট | জের ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| ২০২৫<br>জানুয়ারি ১ | মূলধন হিসাব | | ৫,২০,০০০ | | ৫,২০,০০০ | |
| ৫ | ক্রয় হিসাব | | | ৩,৬১,০০০ | ১,৫৯,০০০ | |
| ৮ | আসবাবপত্র হিসাব | | | ১,২৫,০০০ | ৩৪,০০০ | |
| ২৭ | কমিশন হিসাব | | ২০,০০০ | | ৫৪,০০০ | |

ব্যাংক হিসাব হিসাবের কোড নং

| তারিখ | বিবরণ | জা: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২৫ | | | | | | |
| জানুয়ারি ১ | মূলধন হিসাব | | ৪,৫০,০০০ | | ৪,৫০,০০০ | |
| জানুয়ারি ১১ | বিক্রয় হিসাব | | ৪,১৫,০০০ | | ৮,৬৫,০০০ | |
| জানুয়ারি ১৫ | অফিস সাপ্লাইজ হিসাব | | | ২,৫০০ | ৮,৬২,৫০০ | |
| জানুয়ারি ২০ | অফিস সরঞ্জাম হিসাব | | | ২০,০০০ | ৮,৪২,৫০০ | |

২।

ভাউচার নং : ০৪ জননী এন্টারপ্রাইজ তারিখ : ২০ আগস্ট,২০২৫

৭০, চকবাজার, ঢাকা

**ক্যাশমেমো**

ক্রেতার নাম : রূপা ট্রেডার্স

ক্রেতার ঠিকানা : ৫৪২/১, মহাখালী, ঢাকা।

| ক্র. নং | পণ্যের বিবরণ | দর(টাকা) | পরিমাণ | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১. | সলিড সিমেন্ট<br>বাদ:ব্যাবসায়িক বাট্টা | ৫৫০ | ২০০ ব্যাগ | ১,১০,০০০<br>(১১,০০০)<br>৯৯,০০০ |

টাকা (কথায়): নিরানব্বই হাজার মাত্র।

ক্রেতার স্বাক্ষর বিক্রেতার স্বাক্ষর

বি. দ্র. বিক্রীত পণ্য ফেরত নেওয়া হয় না।

ক. উপর্যুক্ত তথ্য হতে বিক্রয় হিসাব প্রস্তুত করো। ২

খ. ক্যাশমেমো সংশ্লিষ্ট পক্ষের বিশেষ জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উদ্দীপকের আলোকে ক্রেতার সংশ্লিষ্ট খতিয়ান প্রস্তুত করো। ৪

**২(ক) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্ন নং | দক্ষতা | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ২(ক) | সহজ প্রয়োগ | ২ | ২ | বিক্রয় হিসাবের সঠিক খতিয়ান প্রস্তুত করলে। |
| | | | ১ | পোস্টিং ও উদ্বৃত্ত লিখতে ১টি ভুল লিখলে। |
| | | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে। |

জননী এন্টারপ্রাইজ

বিক্রয় হিসাব

| তারিখ | বিবরণ | জা. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২৫ আগস্ট ২০ | নগদান হিসাব | | | ৯৯,০০০ | | ৯৯,০০০ |

**২(খ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্ন নং | দক্ষতা | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ২(খ) | মধ্যম প্রয়োগ | ৪ | ৪ | সঠিক ছক ও শিরোনামসহ নগদ প্রাপ্তি জাবেদা ও নগদ প্রদান জাবেদা প্রস্তুত করলে। |
| | | | ৩ | সঠিক ছক ও শিরোনামসহ নগদ প্রাপ্তি জাবেদা **অথবা** নগদ প্রদান জাবেদার যেকোনো ১টি সঠিক লিখে অন্যটির অংশিক সঠিক লিখলে। |
| | | | ২ | সঠিক ছক ও শিরোনামসহ নগদ প্রাপ্তি জাবেদা **বা** নগদ প্রদান জাবেদার যেকোনো ১টি সঠিক লিখলে<br>**অথবা**<br>ত্রুটিপূর্ণ ছক বা শিরোনামসহ নগদ প্রাপ্তি জাবেদা **এবং** নগদ প্রদান জাবেদার এন্ট্রি সঠিক লিখলে। |
| | | | ১ | যেকোনো ১টি জাবেদার সঠিক ছক ও শিরোনাম লিখলে।<br>অথবা<br>ত্রুটিপূর্ণ ছক বা শিরোনামসহ নগদ প্রাপ্তি জাবেদা **বা** নগদ প্রদান জাবেদার যেকোনো ১টি এন্ট্রি সঠিক লিখলে। |
| | | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে। |

**নমুনা উত্তর**

জননী এন্টার প্রাইজ

নগদ প্রাপ্তি জাবেদা

| তারিখ | ক্রেডিট হিসাবখাত | সূত্র | নগদ ডেবিট | প্রদত্ত বাটা ডেবিট | বিক্রয় ক্রেডিট | প্রাপ্য হিসাব ক্রেডিট | অন্যান্য হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২৫ আগস্ট ২০ | - | | | ৯৯,০০০ | | ৯৯,০০০ | |

রূপা ট্রেডার্স

নগদ প্রদান জাবেদা

| তারিখ | চেক নং | ডেবিট হিসাবখাত | সূত্র | ক্রয় ডেবিট | প্রদেয় হিসাব ডেবিট | অন্যান্য হিসাব ক্রেডট | প্রাপ্ত বাট্টা ক্রেডিট | নগদ ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২৫ আগস্ট ২০ | | - | | ৯৯,০০০ | | | | ৯৯,০০০ |

**২(গ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্ন নং | দক্ষতা | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ২(গ) | কঠিন প্রয়োগ | ৪ | ৪ | সঠিক ছক ও শিরোনামসহ ক্রয় হিসাব ও নগদান হিসাব প্রস্তুত করলে। |
| | | | ৩ | সঠিক ছক ও শিরোনামসহ ক্রয় হিসাব **অথবা** নগদান হিসাবের যেকোনো ১টি সঠিক লিখে অন্যটির অংশিক সঠিক লিখলে। |
| | | | ২ | সঠিক ছক ও শিরোনামসহ ক্রয় হিসাব **বা** নগদান হিসাবের যেকোনো ১টি সঠিক লিখলে<br>**অথবা**<br>ত্রুটিপূর্ণ ছক বা শিরোনামসহ ক্রয় হিসাব **এবং** নগদান হিসাবের এন্ট্রি সঠিক লিখলে। |
| | | | ১ | যেকোনো ১টি হিসাবের সঠিক ছক ও শিরোনাম লিখলে।<br>অথবা<br>ত্রুটিপূর্ণ ছক বা শিরোনামসহ ক্রয় হিসাব **বা** নগদান হিসাবের যেকোনো ১টি এন্ট্রি সঠিক লিখলে। |
| | | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে। |

**নমুনা উত্তর:**

রূপা ট্রেডার্স
ক্রয় হিসাব

| তারিখ | বিবরণ | জা. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২৫ আগস্ট ২০ | নগদান হিসাব | | ৯৯,০০০ | | ৯৯,০০০ | |

রূপা ট্রেডার্স
নগদান হিসাব

| তারিখ | বিবরণ | জা. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২৫ আগস্ট ২০ | ক্রয় হিসাব | | | ৯৯,০০০ | | ৯৯,০০০ |

# রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের উদাহরণ

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

১. নতুন পণ্যের গবেষণা ব্যয়কে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় হিসাবে বিবেচনা করা হয় কেন? ব্যাখ্যা করো।
২. বিক্রেতা কেন ক্রেডিট নোট তৈরি করে ? ব্যাখ্যা করো।
৩. পণ্য উত্তোলনের ফলে হিসাব সমীকরণ কীভাবে প্রভাবিত হয়?
৪. নগদান হিসাব সব সময় ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে কেন? ব্যাখ্যা করো।
৫. মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী কেন প্রস্তুত করা হয়?
৬. কারখানার ম্যানেজারের বেতনকে পরোক্ষ খরচ হিসেবে গণ্য করা হয় কেন? ব্যাখ্যা করো।
৭. উৎপাদনের মোট ব্যয়কে উপাদান অনুযায়ী বিশ্লেষণ করা হয় কেন? ব্যাখ্যা করো।

### সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

প্রশ্ন: বিজ্ঞাপন ব্যয়কে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় হিসাবে বিবেচনা করা হয় কেন? ব্যাখ্যা করো।

**১ নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্ন নং | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ১ | ২ | ২ | বিজ্ঞাপন ব্যয়কে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় |
| | | ১ | বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের ধারণা লিখতে পারলে |
| | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে |

**নমুনা উত্তর:** যে সকল মুনাফা জাতীয় ব্যয়ের সুবিধা একাধিক বছরে ভোগ করা যায় সেগুলোকে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় বলে। এ ধরণের ব্যয়কে হিসাবকালসমুহের মাঝে বিভক্ত করে, চলতি হিসাবকালের অংশটুকু মুনাফা জাতীয় ব্যয়ের ন্যায় এবং অবশিষ্ট অংশ সাময়িকভাবে মূলধন জাতীয় ব্যয়ের ন্যায় লিপিবদ্ধ করা হয়। বিজ্ঞাপন ব্যয়কে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় হিসেবে বিবেচনা করা হয়, কারন বিজ্ঞাপনের জন্য বড় অংকের ব্যয় করা হয় কোনো একটি নির্দিষ্ট অর্থ বছর বা হিসাবকালে কিন্তু এর সুবিধা পাওয়া যায় দীর্ঘসময় ধরে বা একাধিক হিসাবকালে। এজন্য বড় অংকের বিজ্ঞাপন ব্যয়ের একটি অংশ মুনাফা জাতীয় ব্যয় হিসেবে সংশ্লিষ্ট হিসাবলে এবং অবশিষ্ট অংশকে মূলধন জাতীয় ব্যয় ধরে সম্পদ হিসেবে লিপিবদ্ধ করা হয়

# রুব্রিক্স ও নমুনা উত্তরসহ আর্থিক বিবরনী সংক্রান্ত প্রশ্নের উদাহরণ

## আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্ন

১. আদর্শ 'ল' ফার্মের রেওয়ামিল ও অন্যান্য তথ্য বিবেচনা করে বিশদ আয় বিবরণী, মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী এবং আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। (নম্বর ৮+২+১০ = ২০)

আদর্শ 'ল' ফার্ম
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০২৫

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | উত্তোলন ও মূলধন | | ২৫,০০০ | ১,৫০,০০০ |
| ২. | সেবা আয় | | | ৪,৮০,০০০ |
| ৩. | অনুপার্জিত সেবা আয় | | | ৪০,০০০ |
| ৪. | বেতন ও ভাতা | | ১,১০,০০০ | |
| ৫. | অফিস ভাড়া | | ৬০,০০০ | |
| ৬. | সাধারণ সঞ্চিতি | | | ৩০,০০০ |
| ৭. | সেবা সরঞ্জাম | | ১,২০,০০০ | |
| ৮. | ১০% বিনিয়োগ | | ১,৮০,০০০ | |
| ৯. | ৮% বন্ধকি ঋণ | | | ১,০০,০০০ |
| ১০. | আইন বই | | ১,৯০,০০০ | |
| ১১. | প্রাথমিক খরচ | | ২০,০০০ | |
| ১২. | সাপ্লাইজ | | ১৫,০০০ | |
| ১৩. | হাতে নগদ | | ৩৮,০০০ | |
| ১৪. | বিদ্যুৎ ও টেলিফোন বিল | | ২৪,০০০ | |
| ১৫. | বিমা সেলামি | | ১৮,০০০ | |
| | | | ৮,০০,০০০ | ৮,০০,০০০ |

অন্যান্য তথ্য:

(১) অনুপার্জিত সেবা আয়ের ৫০% অর্জিত হয়েছে;
(২) মক্কেলদেরকে ধারে আইনি সেবা দেয়া হয়েছে, যার বিল ৩০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি;
(৩) বছর শেষে ৫,০০০ টাকার সাপ্লাইজ মজুদ আছে;
(৪) ২ মাসের অফিস ভাড়া বকেয়া আছে;
(৫) বিমা সেলামি ৩০ জুন ২০২৬ পর্যন্ত ১ বছরের জন্য প্রদত্ত;
(৬) প্রাথমিক খরচের ২৫% অবলোপন করা হবে।

২। শাপলা এন্টারপ্রাইজের রেওয়ামিল ও সমন্বয়সমূহ বিবেচনা করে বিশদ আয় বিবরণী, মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী এবং আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। (৯+২+৯ = ২০)

শাপলা এন্টারপ্রাইজ

রেওয়ামিল

৩০ জুন ২০২৫

| ক্রমিক নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | মজুদ পণ্য (১-৭-২০২৪) | | ৪১,৫০০ | |
| ২. | ক্রয় ও বিক্রয় | | ২,১০,০০০ | ৪,৫০,০০০ |
| ৩. | আন্ত:ফেরত ও বহি:ফেরত | | ১২,০০০ | ১০,০০০ |
| ৪. | বেতন | | ৬৬,০০০ | |
| ৫. | পরিবহন | | ৭,০০০ | |
| ৬. | প্রাপ্য বিল ও প্রদেয় বিল | | ৫,০০০ | ৩০,০০০ |
| ৭. | কুঋণ সঞ্চিতি | | | ৫,০০০ |
| ৮. | ভূমি ও দালানকোঠা | | ৩,০০,০০০ | |
| ৯. | ৮% ঋণপত্র (১-১-২০২৫) | | | ৬০,০০০ |
| ১০. | প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | | ৭৪,০০০ | ৪০,০০০ |
| ১১. | পুঞ্জিভূত অবচয় (দালানকোঠা) | | | ১৫,০০০ |
| ১২. | ব্যাংক চার্জ | | ৪,৫০০ | |
| ১৩. | প্রাপ্ত বাড়িভাড়া | | | ৪৫,০০০ |
| ১৪. | ১০% বিনিয়োগ | | ১,০০,০০০ | |
| ১৫. | বিবিধ ক্ষতি | | ৩,০০০ | |
| ১৬. | আয়কর | | ১২,০০০ | |
| ১৭. | মূলধন | | | ২,২০,০০০ |
| ১৮. | ব্যাংক জমা | | ৪০,০০০ | |
| | | | ৮,৭৫,০০০ | ৮,৭৫,০০০ |

সমন্বয়সমূহ:

১। সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৬২,০০০ টাকা যা বাজারমূল্য অপেক্ষা ২,০০০ টাকা কম।

২। বাকিতে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

৩। প্রাপ্য হিসাবের ৪,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের ৫% কুঋণ সঞ্চিতি সৃষ্টি করা প্রয়োজন।

৪। এক মাসের বেতন অপরিশোধিত আছে।

৫। ভূমি ও দালানকোঠার ৫% অবচয় হয়েছে।

৬। তিন মাসের বাড়িভাড়া অনাদায়ি রয়েছে।

৩। নিম্নোক্ত তথ্যাদি অবলম্বন করে **বুবাই ব্রাদার্সের** ২০২৪ সালের **৩১** ডিসেম্বর সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী, মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী এবং উক্ত তারিখের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো: (নম্বর: ৯+২+৯ = ২০)

**বুবাই ব্রাদার্স**

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৪

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | উত্তোলন ও মূলধন | | ২৮,০০০ | ৮,৩০,০০০ |
| ২. | ক্রয় ও বিক্রয় | | ৩,০৬,০০০ | ৫,০৬,০০০ |
| ৩. | ব্যাবসায়িক বাট্টা | | ২৪,০০০ | ১৬,০০০ |
| ৪. | আমদানি শুল্ক | | ২১,০০০ | |
| ৫. | বিক্রয় পরিবহণ | | ১০,০০০ | |
| ৬. | বিজ্ঞাপন | | ৪০,০০০ | |
| ৭. | বিমা সেলামি | | ৫,০০০ | |
| ৮. | শিক্ষানবিশ ভাতা | | ৩৫,০০০ | |
| ৯. | প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | | ১,৪০,০০০ | ২৫,০০০ |
| ১০. | ৬% সঞ্চয়পত্র | | ৫,৫০,০০০ | |
| ১১. | যন্ত্রপাতি | | ৪,৪০,০০০ | |
| ১২. | উপভাড়া | | | ২৫,০০০ |
| ১৩. | প্রারম্ভিক মজুদপণ্য | | ৯০,০০০ | |
| ১৪. | ভাড়া (৩১.১০.২০২৪ পর্যন্ত) | | ৩০,০০০ | |
| ১৫. | অতিরিক্ত মূলধন | | | ১,৩৫,০০০ |
| ১৬. | ৮% বন্ধকি ঋণ (১.৭.২৪) | | | ২,১০,০০০ |
| ১৭. | সাধারণ সঞ্চিতি | | | ২৮,০০০ |
| ১৮. | প্রাথমিক খরচ | | ৫৬,০০০ | |
| | | সর্বমোট | ১৭,৭৫,০০০ | ১৭,৭৫,০০০ |

সমন্বয়সমূহ:

১। সমাপনী মজুদ পণ্যের মূল্য ১,১৫,০০০ টাকা।
২। যন্ত্রপাতির উপর ৭.৫% অবচয়।
৩। বিজ্ঞাপন ৮ বছরের জন্য প্রদত্ত।
৪। কুঋণ হিসেবে অবলোপন ৫,০০০ টাকা ।
৫। ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
৬। সঞ্চয়পত্রের সুদ ৩ মাসের বকেয়া রয়েছে।

## আর্থিক বিবরণী সংক্রান্ত প্রশ্নের রুব্রিক্স ও নমুনা উত্তর

১। শাপলা এন্টারপ্রাইজের রেওয়ামিল ও সমন্বয়সমূহ বিবেচনা করে বিশদ আয় বিবরণী, মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী এবং আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। (১০+২+৮ = ২০)

শাপলা এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩০ জুন ২০২৫

| ক্রমিক নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | মজুদ পণ্য (১-৭-২০২৪) | | ৪১,৫০০ | |
| ২. | ক্রয় ও বিক্রয় | | ২,১০,০০০ | ৪,৫০,০০০ |
| ৩. | আন্ত:ফেরত ও বহি:ফেরত | | ১২,০০০ | ১০,০০০ |
| ৪. | বেতন | | ৬৬,০০০ | |
| ৫. | পরিবহন | | ৭,০০০ | |
| ৬. | প্রাপ্য বিল ও প্রদেয় বিল | | ৫,০০০ | ৩০,০০০ |
| ৭. | কুঋণ সঞ্চিতি | | | ৫,০০০ |
| ৮. | দালানকোঠা | | ৩,০০,০০০ | |
| ৯. | ৮% ঋণপত্র (১-১-২০২৫) | | | ৬০,০০০ |
| ১০. | প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | | ৭৪,০০০ | ৪০,০০০ |
| ১১. | পুঞ্জিভূত অবচয় (দালানকোঠা) | | | ১৫,০০০ |
| ১২. | ব্যাংক চার্জ | | ৪,৫০০ | |
| ১৩. | প্রাপ্ত বাড়িভাড়া | | | ৪৫,০০০ |
| ১৪. | ১০% বিনিয়োগ | | ১,০০,০০০ | |
| ১৫. | বিবিধ ক্ষতি | | ৩,০০০ | |
| ১৬. | আয়কর | | ১২,০০০ | |
| ১৭. | মূলধন | | | ২,২০,০০০ |
| ১৮. | ব্যাংক জমা | | ৪০,০০০ | |
| | | | ৮,৭৫,০০০ | ৮,৭৫,০০০ |

সমন্বয়সমূহ:

১। সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৬২,০০০ টাকা যা বাজারমূল্য অপেক্ষা ২,০০০ টাকা কম।

২। বাকিতে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

৩। প্রাপ্য হিসাবের ৪,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের ৫% কুঋণ সঞ্চিতি সৃষ্টি করা প্রয়োজন।

৪। এক মাসের বেতন অপরিশোধিত আছে।

৫। দালানকোঠার ৫% অবচয় ধার্য করা প্রয়োজন।

৬। তিন মাসের বাড়িভাড়া অনাদায়ি রয়েছে।

## বিশদ আয় বিবরণীর নম্বর প্রদান নির্দেশিকা

| ধাপ | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| নিট বিক্রয় নির্ণয় | ২ | ২ | সঠিকভাবে নিট বিক্রয় নির্ণয় করলে |
| | | ১ | নিট বিক্রয় নির্ণয়ে যেকোনো ২টি আইটেম সঠিক পেস্টিং করলে |
| | | ০ | নিট বিক্রয় নির্ণয়ে যেকোনো ২টি আইটেমও সঠিক পেস্টিং না করতে পারলে |
| বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় | ২ | ২ | সঠিকভাবে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করলে |
| | | ১ | বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়ে যেকোনো ২টি আইটেম সঠিক পেস্টিং করলে |
| | | | বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়ে যেকোনো ২টি আইটেমও সঠিক পেস্টিং না করতে পারলে |
| পরিচালন ব্যয় নির্ণয় | ৩ | ৩ | সঠিকভাবে পরিচালন ব্যয় নির্ণয় করলে |
| | | ২ | পরিচালন ব্যয় নির্ণয়ে যেকোনো ৩টি আইটেম সঠিক পেস্টিং করলে |
| | | ১ | পরিচালন ব্যয় নির্ণয়ে যেকোনো ২টি আইটেম সঠিক পেস্টিং করলে |
| | | ০ | পরিচালন ব্যয় নির্ণয়ে যেকোনো ২টি আইটেমও সঠিক পেস্টিং না করতে পারলে |
| অন্যান্য আয় নির্ণয় | ২ | ২ | সঠিকভাবে অন্যান্য আয় নির্ণয় করলে |
| | | ১ | অন্যান্য আয় নির্ণয়ে যেকোনো ১টি আইটেম সঠিক পেস্টিং করলে |
| | | ০ | অন্যান্য আয় নির্ণয়ে যেকোনো ১টি আইটেমও সঠিক পেস্টিং না করতে পারলে |
| অন্যান্য ব্যয় নির্ণয় | ১ | ১ | সঠিকভাবে অন্যান্য ব্যয় নির্ণয় করলে |
| | | ০ | সঠিকভাবে অন্যান্য ব্যয় নির্ণয় করতে না পারলে |

## নমুনা উত্তর : বিশদ আয় বিবরণী

শাপলা এন্টারপ্রাইজ
বিশদ আয় বিবরণী
২০২৫ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ৪,৫০,০০০ | |
| যোগ: অলিখিত বিক্রয় | | ২০,০০০ | |
| | | ৪,৭০,০০০ | |
| বাদ: আন্তঃ ফেরত | | (১২,০০০) | |
| **নিট বিক্রয়** | | | ৪,৫৮,০০০ |
| **বাদ: বিক্রিত পণ্যের ব্যয়:** | | | |
| মজুদ পণ্য (১-৭-২০২৪) | | ৪১,৫০০ | |
| ক্রয় | ২,১০,০০০ | | |
| বাদ: বহি: ফেরত | (১০,০০০) | ২,০০,০০০ | |
| পরিবহন | | ৭,০০০ | |
| | | ২,৪৮,৫০০ | |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | | (৬২,০০০) | |
| | | | (১,৮৬,৫০০) |
| ***মোট মুনাফা** | | | ২,৭১,৫০০ |
| **বাদ: পরিচালন ব্যয়** | | | |
| বেতন | ৬৬,০০০ | | |
| যোগ: বকেয়া | ৬,০০০ | ৭২,০০০ | |
| ব্যাংক চার্জ | | ৪,৫০০ | |
| দালান কোঠার অবচয় | | ১৫,০০০ | |
| সমাপনী কুঋণ সঞ্চিতি | ৪,৫০০ | | |
| বাদ: কুঋণ সঞ্চিতির উদ্বৃত্ত | (১,০০০) | | |
| (প্রারম্ভিক কুঋণ সঞ্চিতি ৫,০০০ - কুঋণ ৪,০০০) | | ৩,৫০০ | |
| | | | (৯৫,০০০) |
| ***পরিচালন মুনাফা** | | | ১,৭৬,৫০০ |
| **যোগ: অন্যান্য আয়** | | | |
| প্রাপ্ত বাড়িভাড়া | ৪৫,০০০ | | |
| যোগ: অনাদায়ি | ১৫,০০০ | ৬০,০০০ | |
| বিনিয়োগের সুদ | | ১০,০০০ | ৭০,০০০ |
| **বাদ: অন্যান্য ব্যয়** | | | |
| বিবিধ ক্ষতি | | ৩,০০০ | |
| ঋণপত্রের সুদ | | ২,৪০০ | (৫,৪০০) |
| ***নিট মুনাফা** | | | ২,৪১,১০০ |

## মালিকানা স্বত্ব বিবরণীর নম্বর প্রদান নির্দেশিকা

| ধাপ | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| মালিকানা স্বত্ব নির্ণয় | ২ | ২ | সঠিকভাবে মালিকানা স্বত্ব নির্ণয় করলে |
| | | ১ | মালিকানা স্বত্ব নির্ণয়ে যেকোনো ২টি আইটেম সঠিক পেস্টিং করলে |
| | | ০ | মালিকানা স্বত নির্ণয়ে যেকোনো ২ টি আইটেমও সঠিক পেস্টিং না করতে পারলে |

## নমুনা উত্তরঃ মালিকানা স্বত্ব বিবরণী

শাপলা এন্টারপ্রাইজ
মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী
২০২৫ সালের ৩০ জুন সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন (প্রারম্ভিক উদ্বৃত্ত) | ২,২০,০০০ | |
| যোগ: নিট মুনাফা | ২,৪১,১০০ | |
| | | ৪,৬১,১০০ |
| বাদ: আয়কর | | (১২,০০০) |
| সমাপনী মালিকানা স্বত্ব | | ৪,৪৯,১০০ |

## আর্থিক অবস্থার বিবরণীর নম্বর প্রদান নির্দেশিকা

| ধাপ | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| স্থায়ী সম্পদ নির্ণয় | ১ | ১ | সঠিকভাবে স্থায়ী সম্পদ নির্ণয় করলে |
| | | ০ | সঠিকভাবে স্থায়ী সম্পদ নির্ণয় করতে না পারলে |
| দীর্ঘমেয়াদি বিনিয়োগ নির্ণয় | ১ | ১ | সঠিকভাবে দীর্ঘমেয়াদি বিনিয়োগ নির্ণয় করলে |
| | | ০ | সঠিকভাবে দীর্ঘমেয়াদি বিনিয়োগ নির্ণয় করতে না পারলে |
| চলতি সম্পদ নির্ণয় | ৩ | ৩ | সঠিকভাবে চলতি সম্পদ নির্ণয় করলে |
| | | ২ | চলতি সম্পদ নির্ণয়ে যেকোনো ৫টি আইটেম সঠিক পেস্টিং করলে |
| | | ১ | চলতি সম্পদ নির্ণয়ে যেকোনো ৩ টি আইটেম সঠিক পেস্টিং করলে |
| | | ০ | চলতি সম্পদ নির্ণয়ে যেকোনো ৩ টি আইটেমও সঠিক পেস্টিং না করতে পারলে |
| দীর্ঘমেয়াদি দায় নির্ণয় | ১ | ১ | সঠিকভাবে দীর্ঘমেয়াদি দায় নির্ণয় করলে |
| | | ০ | সঠিকভাবে দীর্ঘমেয়াদি দায় নির্ণয় করতে না পারলে |
| চলতি দায় নির্ণয় | ২ | ২ | সঠিকভাবে চলতি দায় নির্ণয় করলে |
